



Advocates for Children of New York

Protecting every child's right to learn

শৈশবের প্রারম্ভিক শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন) প্রোগ্রাম

2022-2023 স্কুল বর্ষে 3 ও 4 বছর বয়সীদের জন্য পাবলিক শিক্ষা প্রোগ্রামের নির্দেশিকা

কিভারগার্টেন স্তরে সাফল্য অর্জনের জন্য শিশুদের প্রস্তুত করতে উচ্চ-মানের প্রিন্সুল প্রোগ্রামে অংশ নেওয়ার বিকল্প নেই। বাস্তবে গবেষণায় দেখা গেছে যেসব শিশুরা উচ্চ-মানের আর্লি চাইল্ডহুড এডুকেশন বা শৈশবের প্রারম্ভিক শিক্ষা পেয়ে থাকে, তারা অন্যদের তুলনায় স্কুলে ভালো পারফরমেন্স করে থাকে, হাই স্কুল থেকে গ্রাজুয়েট করে থাকে এবং পরবর্তীতে উচ্চ আয়ের চাকরিও করে থাকে। নিউ ইয়র্ক সিটিতে বিভিন্ন ধরনের বিনামূল্যে প্রদত্ত (ত্রিফ) অথবা কম খরচের আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম বিদ্যমান আছে যার মধ্যে রয়েছে **সকলের জন্য PRE-K**, **সকলের জন্য 3-K** (পৃষ্ঠা 7 দেখুন), **আর্লি লার্ন (EarlyLearn) NYC** (পৃষ্ঠা 13 দেখুন) এবং **হেড স্টার্ট (Head Start)** (পৃষ্ঠা 15 দেখুন)।

সকলের জন্য PRE-K (PRE-K ফর অল) প্রোগ্রাম

সকলের জন্য Pre-K প্রোগ্রাম হলো চার বছর বয়সী শিশুদের জন্য বিনামূল্যে প্রদত্ত প্রিন্সুল প্রোগ্রাম। যে সালে কোনো শিশুর বয়স চার বছর পূর্ণ হবে সেই সালের সেপ্টেম্বর মাস থেকেই সেই শিশু সকলের জন্য Pre-K শুরু করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। 2022-2023 স্কুল বর্ষে 2018 সালে জন্মগ্রহণ করা শিশুরা যোগ্য বলে বিবেচিত হবে।

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE) সকলের জন্য Pre-K প্রোগ্রাম পরিচালনা করে থাকে। সকলের জন্য Pre-K প্রোগ্রাম NYC DOE ডিস্ট্রিক্ট স্কুল, NYC DOE Pre-K সেন্টার, NYC আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC) নামের কমিউনিটি ভিত্তিক সংস্থা, এবং চার্টার স্কুলগুলোতে অনুষ্ঠিত হয়ে থাকে।

- NYC DOE ডিস্ট্রিক্ট স্কুল pre-K প্রোগ্রাম DOE পাবলিক এলিমেন্টারি স্কুলগুলোতে অনুষ্ঠিত হয়ে থাকে এবং তা স্কুলের প্রিন্সিপাল তদারকি করে থাকেন।
- NYC DOE Pre-K সেন্টারগুলো DOE কর্মকর্তারা পরিচালনা করে থাকেন, তবে সেখানে শুধু pre-K ও 3-K ক্লাসগুলো নেওয়া হয়ে থাকে। এগুলো DOE পাবলিক স্কুল ভবন বা DOE-এর আলাদা কোনো স্থানে অবস্থিত হতে পারে।
- NYC আর্লি এডুকেশন সেন্টারস (NYCEECs) হলো কমিউনিটি ভিত্তিক সংস্থা যারা pre-K প্রোগ্রাম পরিচালনার জন্য DOE-এর সাথে চুক্তিবদ্ধ থাকে।
- চার্টার স্কুল হলো বিনামূল্যের পাবলিক স্কুল যেগুলো DOE-এর পরিবর্তে কোনো স্বাধীন বোর্ড অফ ট্রাস্টিস দ্বারা পরিচালিত হয়ে থাকে।

প্রতিটি সকলের জন্য Pre-K প্রোগ্রামেই উচ্চ মান বজায় রাখা হয়। অধিকাংশ প্রোগ্রাম পুরো দিন-ব্যাপী বা ফুল-ডে হয়ে থাকে (6 ঘন্টা 20 মিনিট), তবে কিছু প্রোগ্রাম পাঁচ ঘন্টা-ব্যাপীও হয়ে থাকে এবং কয়েকটি অর্ধ-দিন বা হাফ-ডেের জন্যও হয়ে থাকে (2 ঘন্টা 30 মিনিট)।

সকলের জন্য PRE-K: ভর্তি প্রক্রিয়া

একটি মাত্র আবেদন ফর্ম ব্যবহার করে DOE ডিস্ট্রিক্ট স্কুল, DOE Pre-K সেন্টার এবং NYCEECs-গুলোতে পুরো দিন-ব্যাপী অনুষ্ঠিত হওয়া সকলের জন্য Pre-K প্রোগ্রামের জন্য আবেদন করা যাবে। অক্ষমতা (ডিজ্যাবিলিটি) সম্পন্ন শিক্ষার্থী, উদীয়মান বহুভাষী শিক্ষার্থী (ইমার্জেন্ট মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স) ও অস্থায়ী আবাসনে (টেম্পোরারি হাউজিং) থাকা শিক্ষার্থীদের পরিবার সহ যেসব পরিবারে 2018 সালে শিশু জন্মগ্রহণ করেছে, তারা pre-K ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারবে।

আপনার অপশনগুলো জেনে নিন: ফেব্রুয়ারি 2022

MySchools.nyc লিংকে গিয়ে আপনি অনলাইন ডিরেক্টরি ব্যবহার করে সকলের জন্য Pre-K প্রোগ্রামগুলো অনুসন্ধান করতে পারেন। অনলাইন ডিরেক্টরিতে নিউ ইয়র্ক সিটি জুড়ে এসব প্রোগ্রামের ম্যাপ ও তথ্য দেওয়া আছে। অনলাইন ডিরেক্টরি ব্যবহার করে আপনি আপনার পছন্দের এলাকায় এসব প্রোগ্রামের অবস্থান জেনে নিতে পারবেন, হতে পারে সেটা আপনার বাসার ঠিকানা, কর্মস্থল বা অন্য কোনো লোকেশনের কাছাকাছি।

MySchools.nyc লিংকে গিয়ে আপনি যখন অনলাইন ডিরেক্টরিতে কোনো ঠিকানা প্রদান করবেন, তখন আপনি সেই স্কুল ডিস্ট্রিক্টে সকলের জন্য Pre-K প্রোগ্রাম এবং তার ধরন সম্পর্কে তথ্য পেয়ে যাবেন। প্রতিটি pre-K প্রোগ্রামের লোকেশন ও যোগাযোগের তথ্য ছাড়াও, ডিরেক্টরিতে প্রোগ্রামের বর্ধিত সময়, সেখানে প্রদত্ত কোনো ভাষাগত সহায়তা (যেমন, ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম), সেই প্রোগ্রামটি পূর্ণভাবে নাকি আংশিকভাবে চলমান রয়েছে এবং প্রোগ্রাম কোড (সকলের জন্য Pre-K আবেদনের সময় ব্যবহার করার জন্য) সংক্রান্ত তথ্য দেওয়া আছে। বরো অনুযায়ী বা ফিল্টার ব্যবহার করে লোকেশন, গণপরিবহনের (পাবলিক ট্রান্সপোর্টেশন) কাছাকাছি, সুগমতা (অ্যাক্সেসিবিলিটি), প্রদত্ত ভাষাগত সহায়তা ও অন্যান্য পছন্দ অনুযায়ী আপনি বিভিন্ন কার্যক্রম খুঁজে নিতে পারেন। প্রতিটি প্রোগ্রামের পেইজে সেটির ওয়েবসাইট, যোগাযোগের তথ্য, অগ্রাধিকারমূলক ভর্তির তথ্য, পূর্ববর্তী বছরে কোন গ্রুপের শিক্ষার্থীরা অফার পেয়েছে এবং অন্যান্য আরও তথ্য দেওয়া আছে। এছাড়াও, আপনি “Pre-K কোয়ালিটি ম্যাপশট” দেখে নিতে পারেন যেখান থেকে সেই প্রোগ্রামের মান সম্পর্কে অন্যান্য পরিবার ও মূল্যায়নকারীদের মতামত জানা যাবে। আবেদন পর্ব শুরু হয়ে থাকলে আপনি MySchools.nyc ব্যবহার করে বিভিন্ন প্রোগ্রামে আবেদনও করতে পারবেন।

অনলাইনে পাওয়া তথ্য ব্যবহার করে আপনি যেসব প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক তার একটি তালিকা করে নিতে পারেন। এই তালিকা করা হয়ে গেলে আপনি সেসব প্রোগ্রামগুলোতে যোগাযোগ করে সিদ্ধান্ত নিতে পারেন কোনগুলো আপনার সন্তানের জন্য ভালো হবে এবং সেগুলোর ভার্চুয়াল ওপেন হাউজ ও টুর সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন। প্রোগ্রামগুলোর তালিকা করার সময় প্রতিটি pre-K প্রোগ্রামে আপনার সন্তানের অফার পাওয়ার সম্ভাবনা কতটুকু সেটাও আপনাকে বিবেচনায় রাখতে হবে। প্রতিটি সকলের জন্য Pre-K প্রোগ্রামে ভর্তির বিষয়টি কয়েকটি অগ্রাধিকারের উপর ভিত্তি করে করা হয়ে থাকে। এসব অগ্রাধিকারমূলক ভর্তির তথ্য জানতে পৃষ্ঠা 4 দেখুন।

কোনো pre-K প্রোগ্রাম নির্বাচনের ক্ষেত্রে অনেকগুলো ফ্যাক্টর বিবেচনায় নেওয়ার পরও নিম্নোক্ত প্রশ্নগুলো মাথায় রাখতে পারেন:

- স্থানটি শিশুদের জন্য উপযোগী বলে মনে হয় কিনা?
- শিক্ষক এবং প্রোগ্রাম পরিচালকের সাথে যোগাযোগ করা এবং কথা বলতে পারা সহজ কিনা?
- ক্লাসরুম শিক্ষকদের আল্টি চাইল্ডহুড এডুকেশন সংক্রান্ত কতটুকু অভিজ্ঞতা রয়েছে? (দ্রষ্টব্য যে আগামী বছর নাগাদ শিক্ষকেরা পরিবর্তন হতে পারেন।)
- সেখানকার শিক্ষাক্রম (কারিকুলাম) শিশুর বিকাশের জন্য যথার্থ কিনা, যেখানে খেলার মাধ্যমে শিক্ষার উপর আলোকপাত করা হয়ে থাকে?
- খেলার জন্য কোনো ইনডোর বা আউটডোর স্থান আছে কিনা?
- শিশুদের সমস্যা হলে সেখানকার স্টাফরা তা কীভাবে সামাল দেয়?
- শিশুদের পরিবারগুলোর সাথে প্রোগ্রামের সম্পৃক্ততা কতটুকু?
- যেসব শিশুদের স্বতন্ত্র শিক্ষা প্রোগ্রাম (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামস) (IEPs) রয়েছে তারা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিসেস), যেমন স্পিচ থেরাপি, কোথায় পেতে পারে?
- ইংরেজি ছাড়া অন্য ভাষায় কথা বলে এমন শিশুরা ও তাদের পরিবারের জন্য কী ধরনের ভাষাগত সহায়তা দেওয়া হয়ে থাকে?
- প্রোগ্রামটিতে আফটার-স্কুল আওয়ার বা স্কুল-পরবর্তী কোনো কর্মকান্ড রয়েছে কিনা? যদি তা থেকে থাকে, তাহলে সেটার খরচ কত?
- সকালে আপনার সন্তানকে প্রোগ্রামে দিয়ে আসা এবং বিকালে নিয়ে আসার ব্যবস্থা আপনি কীভাবে করবেন?

সকলের জন্য Pre-K প্রোগ্রামে আবেদন করুন: মার্চ 18, 2022 তারিখের মধ্যে

DOE-আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আপনি একসাথে 12টি পর্যন্ত ফুল-ডে (6 ঘন্টা, 20 মিনিট) সকলের জন্য Pre-K প্রোগ্রামে আবেদন করতে পারবেন। DOE ডিস্ট্রিক্ট স্কুল, DOE Pre-K সেন্টার ও NYCEECs-এর ফুল-ডে pre-K প্রোগ্রামে আবেদন করার জন্য আপনাকে অবশ্যই সেন্ট্রালইজড আবেদন ফর্ম ব্যবহার করতে হবে। তবে, আপনি যদি পাঁচ ঘন্টা-ব্যাপী বা NYCEECs-এর হাফ-ডে pre-K প্রোগ্রাম বা চার্টার স্কুলের কোনো pre-K প্রোগ্রামের জন্য আগ্রহী হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে সেসব স্থানে সরাসরি যোগাযোগ করে তথ্য জেনে নিন। সেন্ট্রাল আবেদন প্রক্রিয়ার মাধ্যমে পাঁচ ঘন্টা-ব্যাপী বা হাফ-ডে pre-K প্রোগ্রাম বা চার্টার স্কুলের কোনো pre-K প্রোগ্রামে আপনি আবেদন করতে পারবেন না।

আবেদনের সময় আপনার পছন্দ অনুযায়ী আপনি 12টি পর্যন্ত সকলের জন্য Pre-K প্রোগ্রামের তালিকা প্রদান করতে পারবেন। প্রোগ্রামগুলোর ব্যাংক করা বা ক্রম সাজানোর বিষয়টি কঠিন মনে হলে আপনার জন্য কী কী ফ্যাক্টর সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ তা নিয়ে ভাবুন। কিছু প্রোগ্রাম আপনার বাসা বা কর্মস্থলের কাছাকাছি অবস্থিত হতে পারে। Pre-K প্রোগ্রামে যাওয়ার জন্য DOE কোনো বাস সার্ভিস প্রদান করে না তবে অস্থায়ী আবাসন বা ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের জন্য সীমিত পরিসরে তা প্রদান করে থাকে (পৃষ্ঠা 10 দেখুন)। অন্য প্রোগ্রামের বর্ধিত সময় থাকতে পারে এবং সেখানে নির্দিষ্ট ফি'এর বিনিময়ে আপনার সন্তানের জন্য আফটার-স্কুল সেবা দেওয়া হতে পারে। আবার কিছু প্রোগ্রামের স্টাফ এবং শিক্ষকদেরকে আপনার কাছে উষ্ণ এবং যত্নশীল মনে হতে পারে। আপনি যে প্রোগ্রামটি সবচেয়ে বেশি পছন্দ করেন সেটিকে তালিকায় প্রথম স্থানে রাখতে পারেন।

12টি পর্যন্ত প্রোগ্রামের ব্যাংকিং ঠিক করে নেওয়ার পর, **তিনটি উপায়ে আবেদন করা যাবে:**

1. MySchools.nyc লিংকে গিয়ে অনলাইনে আবেদন করার মাধ্যমে;
2. প্রতি সোমবার থেকে শুক্রবার সকাল ৪টা থেকে সন্ধ্যা ৫টার মধ্যে (718) 935-2009 নম্বরে কল করার মাধ্যমে; বা
3. [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করার মাধ্যমে।

আবেদন প্রক্রিয়াটি দশটি ভাষায় উপলভ্য রয়েছে: আরবি, বাংলা, চীনা, ইংরেজি, ফরাসি, হেইশান ক্রিওল, কেরীয়, রুশ, স্প্যানিশ ও উর্দু। ফোনে পরিবারদের সাহায্য করার জন্য DOE 200টি ভাষার দোভাষীও প্রদান করে থাকে।

যদি আবেদন প্রক্রিয়া সম্পর্কে কোনো প্রশ্ন থাকে বা আরও সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে আপনি DOE-কে ESEnrollment@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করতে পারেন অথবা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করতে পারেন (পৃষ্ঠা 16 দেখুন)।

অফার পাওয়া: লেইট স্প্রিং 2022

এই স্প্রিং মৌসুমে আবেদন করেছে এমন প্রতিটি পরিবারের কাছে DOE একটি সকলের জন্য Pre-K প্লেসমেন্ট অফার সংক্রান্ত চিঠি পাঠাবে। যদি DOE আপনার আবেদন করা কোনো প্রোগ্রামই অফার না করতে পারে, তাহলে সেই প্রোগ্রামে আসন বা সিট রয়েছে সেই প্রোগ্রামের অফার DOE প্রদান করবে। আপনাকে অফার গ্রহণ করে সেই স্কুলে আপনার সন্তানকে ভর্তির অফার দেওয়া হয়েছে সেই স্কুলে নিবন্ধন বা রেজিস্টার করতে হবে। অফার গ্রহণ করার সময়সীমা আপনাকে দেওয়া অফার লেটারে উল্লেখ করা হবে।

নিবন্ধন করার জন্য, আপনাকে নিম্নোক্ত জিনিসগুলো সাথে নিয়ে সংশ্লিষ্ট সকলের জন্য Pre-K প্রোগ্রামের কাছে যেতে হবে:

- আপনাকে দেওয়া অফার লেটার;
- আপনার সন্তানের বয়সের **একটি** প্রমাণ (যেমন জন্ম নিবন্ধন বা বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট বা ব্যাপ্টিজমের রেকর্ড); এবং
- আপনার ঠিকানার **দুইটি** প্রমাণ।

ঠিকানা প্রমাণের জন্য, আপনি ব্যবহার করতে পারেন:

- বাড়ির লিজ (ইজারা), ডিড (দলিল) বা মর্টগেজ (বন্ধক রাখা) স্টেটমেন্ট;
- গ্যাস, ইলেক্ট্রিক, পানি, ক্যাবল বা প্রপার্টি ট্যাক্স (সম্পত্তির খাজনা) বিল;
- বাড়ি ভাড়ার রিসিপ্ট;
- অফিসের পেরোল (বেতন) ডকুমেন্টেশন;
- ইনকাম ট্যাক্স (আয়কর) ফর্ম;
ভোটার নিবন্ধনের ডকুমেন্ট;
- কোনো সরকারি এজেন্সি থেকে পাওয়া ডকুমেন্টেশন;
- সরকার কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র (যার মধ্যে IDNYC কার্ড অন্তর্ভুক্ত রয়েছে);
- ড্রাইভার'স লাইসেন্স;
- রেসিডেন্সি (আবাস) ভিত্তিক মেম্বারশিপ (সদস্যতা) ডকুমেন্ট (যেমন নেইবারহুড রেসিডেন্ট'স অ্যাসোসিয়েশন); অথবা
- শিশুর অভিভাবকত্বের প্রমাণ।

আপনি ফোন বিল, ক্রেডিট কার্ড বিল বা হেলথ ইন্সুরেন্স কার্ড ব্যবহার করতে *পারবেন না*।

যদি আপনি অন্য কোনো পরিবারের সাথে থাকেন, আপনার কাছে হয়ত আপনার নামে কোনো নথিপত্র নাও থাকতে পারে যদি বাড়ির লিজ অন্য পরিবারের নামে হয়ে থাকে। আপনাকে সেই স্কুলের অফার দেওয়া হয়েছে সেখানে যাওয়ার সময় ঠিকানা প্রমাণের জন্য দুইটি ডকুমেন্টের সাথে আপনি “এফিডেভিট অফ রেসিডেন্সি” নিয়ে যেতে পারেন যেটা আপনার এবং ঐ ঠিকানার প্রাথমিক লিজহোল্ডার/অধিবাসী দ্বারা স্বাক্ষরিত হতে হবে এবং তা নোটারি করা থাকলে আরও ভালো, যেখানে উল্লেখ করা থাকবে যে আপনি ঐ ঠিকানায় বসবাস করে থাকেন। আপনি অনলাইনে এফিডেভিট অফ রেসিডেন্সির কপি <http://bit.ly/Enrollment-Docs> এই লিংকে গিয়ে পেয়ে যাবেন। অস্থায়ী আবাসনে বসবাসরত পরিবারদের নিবন্ধনের জন্য কোনো ডকুমেন্টেশন দিতে হবে না। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 9-10 দেখুন।

আপনাকে আপনার নাগরিকত্বের প্রমাণ বা সোশ্যাল সিকিউরিটি নম্বার দিতে হবে না। আপনার সাথে যেসব জিনিস নিয়ে আসবেন তার একটি চেকলিস্ট পেতে চাইলে schools.nyc.gov/FWC এই লিংকে গিয়ে DOE-এর ওয়েবসাইট দেখুন।

অফার গ্রহণ করার পর আপনার সন্তান সেপ্টেম্বর মাস থেকে ঐ স্কুলে যেতে পারবে যতক্ষণ পর্যন্ত আপনার সন্তান সেই স্কুলের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

Pre-K-তে ভর্তি: লেইট আবেদন

যদি আপনি আবেদনের সময়সীমা মিস করে থাকেন, তাহলে DOE Pre-K ওয়েবসাইট দেখুন (nyc.gov/prek) বা (718) 935-2009 এই নম্বরে কল করুন।

সকলের জন্য PRE-K: অগ্রাধিকারমূলক ভর্তি

যেহেতু অনেক ডিস্ট্রিক্ট স্কুল Pre-K সেন্টার ও NYCEEC-গুলো আবেদন করা সকল শিক্ষার্থীদেরকে ভর্তি নিতে পারেনা, সেই জন্য ভর্তি সংক্রান্ত সিদ্ধান্ত কিছু অগ্রাধিকারমূলক বিষয়ের উপর নির্ভর করে থাকে। যেসব পরিবার তাদের আবেদন কোনো নির্দিষ্ট সকলের জন্য Pre-K প্রোগ্রাম উল্লেখ করে থাকে, সেই প্রোগ্রামে প্রথম অগ্রাধিকারমূলক গ্রুপে থাকা শিক্ষার্থীদেরকে প্রথমে ভর্তি নেওয়া হবে, এরপর দ্বিতীয় অগ্রাধিকারমূলক গ্রুপের শিক্ষার্থীদেরকে অফার দেওয়া হবে এবং এভাবে প্রোগ্রামে থাকা সকল আসন পূর্ণ হওয়া পর্যন্ত চলতে থাকবে। যদি প্রোগ্রামে থাকা আসনের চেয়ে বেশি শিক্ষার্থী কোনো একটি অগ্রাধিকারমূলক গ্রুপ থেকে আবেদন করে থাকে, তখন র্যান্ডম পদ্ধতিতে ঐ গ্রুপের শিক্ষার্থীদের কাছে অফার দেওয়া হয়। অগ্রাধিকারমূলক ভর্তি সম্পর্কে [2022 NYC পাবলিক স্কুলস অ্যাডমিশনস গাইড](http://2022.NYC.Pাবলিক.স্কুলস.অ্যাডমিশনস.গাইড) থেকে বিস্তারিত জানা যাবে যা বিভিন্ন ভাষায় উপলভ্য রয়েছে এই লিংকে nyc.gov/prek।

NYC DOE ডিস্ট্রিক্ট স্কুলগুলোর জন্য অগ্রাধিকারমূলক ভর্তি

ডিস্ট্রিক্ট স্কুলের সকলের জন্য Pre-K প্রোগ্রামে যদি আপনি আগ্রহী হয়ে থাকেন, তাহলে প্রথমেই আপনাকে আপনার জোনের স্কুল ও ডিস্ট্রিক্ট ঠিক করে নিতে হবে। আপনার জোনের স্কুল ও ডিস্ট্রিক্ট খুঁজে পাওয়ার জন্য MySchools.nyc বা schoolsearch.schools.nyc লিংকে গিয়ে আপনার বাসার ঠিকানা ও বরোর নাম, আপনার সন্তানের গ্রেড (“PK”) প্রদান করে “সার্চ” ক্লিক করুন। এরপর আপনি আপনার ঠিকানা ও ডিস্ট্রিক্টে থাকা স্কুলের নাম ও যোগাযোগের তথ্য দেখতে পাবেন। আপনি এই তথ্য জানার জন্য 311 নম্বরেও কল করতে পারেন। মনে রাখবেন আপনার জোনের স্কুলটি pre-K প্রোগ্রাম অফার করতেও পারে বা নাও করতে পারে।

অধিকাংশ জোনের স্কুলগুলোর সকলের জন্য Pre-K প্রোগ্রামে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থীদেরকে ভর্তি নেওয়া হয়ে থাকে*:

1. স্কুলের সকলের জন্য 3-K প্রোগ্রামে থাকা বিদ্যমান শিক্ষার্থী (যদি স্কুলে এমন কোনো প্রোগ্রাম থেকে থাকে);
2. জোনভিত্তিক শিক্ষার্থী যাদের ভাই-বোন** 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
3. অন্যান্য জোনভিত্তিক শিক্ষার্থী;
4. ডিস্ট্রিক্টের মধ্যে থাকা শিক্ষার্থী যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
5. ডিস্ট্রিক্টের বাইরে থাকা শিক্ষার্থী যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
6. ডিস্ট্রিক্টের মধ্যে থাকা অন্যান্য শিক্ষার্থী;
7. ডিস্ট্রিক্টের বাইরে থাকা অন্যান্য শিক্ষার্থী।

* কিছু জোন ও জোন ছাড়া বা নন-জোনড স্কুলের জন্য DOE কর্তৃক অনুমোদিত অতিরিক্ত অগ্রাধিকারমূলক ক্যাটাগরি থাকতে পারে যাতে স্কুলের pre-K প্রোগ্রামে আরও বেশি ডাইভার্সিটি নিশ্চিত করা যায়। এমন সব স্কুলের তালিকা পাওয়া যাবে এই লিংকে <http://bit.ly/Admissions-Diversity>

** ভাই-বোনের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে হাফ-সিবলিং (একই মায়ের সন্তান কিন্তু বাবা ভিন্ন অথবা একই বাবার সন্তান কিন্তু মা ভিন্ন), সং ভাই-বোন (যারা ভিন্ন মা-বাবার সন্তান কিন্তু পারিবারিক সূত্রে ভাই-বোন) এবং ফস্টার সিবলিং যারা একই ঠিকানায় বসবাস করে থাকে। ভাই-বোনের ভিত্তিতে অগ্রাধিকার পাওয়ার জন্য কোনো ভাই বা বোনকে 2022-2023 স্কুল বর্ষে স্কুলে ভর্তি থাকতে হবে বা 2022-2023 স্কুল বর্ষে ডিস্ট্রিক্ট 75 স্পেশলাইজড প্রোগ্রামে ভর্তি থাকতে হবে যেটি ঐ একই স্কুল ভবনে পরিচালিত হবে।

অধিকাংশ শিশুর জন্য জোনভিত্তিক স্কুল থাকবে, তবে ডিস্ট্রিক্ট 1 (লোওয়ার ইস্ট সাইড, ম্যানহ্যাটন), ডিস্ট্রিক্ট 7 (সাউথ ব্রনক্স) ও ডিস্ট্রিক্ট 23 (ব্রাউক্সভিল, ব্রুকলিন) হলো জোন ছাড়া বা নন-জোনড ডিস্ট্রিক্ট। এসব ডিস্ট্রিক্টের সকল স্কুলগুলোকে জোন ছাড়া বা নন-জোনড স্কুল হিসেবে বিবেচনা করা হয়। এসব ডিস্ট্রিক্টের পিতা-মাতারা সেখানে যেকোনো স্কুলে আবেদন করতে পারবে এবং সেখানকার প্রতিটি স্কুলে তাদের সন্তানদের ভর্তি হওয়ার সমান সম্ভাবনা থাকবে (তবে কোনো

¹ যেমন, যদি কোনো ডিস্ট্রিক্ট স্কুল জানতে পারে যে কোনো শিক্ষার্থীর ঠিকানা অগ্রাধিকারমূলক জোনের বাইরে পড়েছে এবং জোনের বাইরের শিশুদের জন্য স্কুলে কোনো আসন নেই, তাহলে শিক্ষার্থী সেই প্লেসমেন্ট হারাতে পারে।

ওয়েটলিস্ট

যদি আপনি আবেদনের সময় একের অধিক সকলের জন্য Pre-K প্রোগ্রামে আবেদন করে থাকেন, তাহলে আপনার সন্তানকে যেই সকলের জন্য Pre-K প্রোগ্রামে অফার দেওয়া হয়েছে, সেই প্রোগ্রামের চেয়ে আপনার দেওয়া তালিকায় উপরে থাকা অন্য প্রোগ্রামগুলোর ওয়েটলিস্টে আপনার সন্তানকে রাখা হবে। আপনি অফার গ্রহণ করেও আপনার দেওয়া তালিকার উপরে থাকা প্রোগ্রামগুলোর ওয়েটলিস্টে থাকতে পারেন। যদি ওয়েটলিস্টের কোনো সকলের জন্য Pre-K প্রোগ্রাম স্কুল অফার করতে পারে, তাহলে সেই প্রোগ্রাম থেকে আপনার সাথে সরাসরি যোগাযোগ করা হবে।

স্কুলের 3-K প্রোগ্রামে অংশ নেওয়া ও স্কুলে ভাই-বোন আছে এমন শিক্ষার্থীদের অগ্রাধিকার দেওয়া হয়ে থাকে)। এছাড়াও NYC জুড়ে অন্যান্য ডিস্ট্রিক্টে জোনের বাইরে পড়েছে এমন কিছু নন-জোনড স্কুলও রয়েছে। নন-জোনড স্কুলগুলো উপরে উল্লেখ করা 1 ও 4-7 নম্বর অগ্রাধিকার অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি নিয়ে থাকে।

ডাইভার্সিটি বাড়ানোর জন্য ডিস্ট্রিক্ট 1-এর প্রতিটি স্কুল কিছু আসনের ক্ষেত্রে সেসব শিক্ষার্থীদের অগ্রাধিকার দিয়ে থাকে যারা ফ্রি বা কম খরচের লাঞ্চার জন্য কোয়ালিফাই করে থাকে, অস্থায়ী আবাসনে থাকে এবং যাদের পারিবারিক ভাষা ইংরেজি নয়। শতকরা কত আসন এসব শিক্ষার্থীদের জন্য বরাদ্দ থাকবে তা নির্ভর করে ডিস্ট্রিক্ট 1-এ যারা আবেদন করেছে তাদের ব্যাকগ্রাউন্ডের উপর। ডিস্ট্রিক্ট 1-এর স্কুল ও তাদের ভর্তি সম্পর্কে আরও তথ্য জানার জন্য ভিজিট করুন ডিস্ট্রিক্ট 1 ওয়েবসাইট এই লিংকে <http://www.district1nyc.com/>

জোনভিত্তিক স্কুলগুলোতে ঐ একই জোনে থাকা শিক্ষার্থীদের ভর্তি নেওয়ার সম্ভাবনা বেশি। তবে, কিছু জোনভিত্তিক স্কুলে জোনের বাইরে থাকা শিক্ষার্থীদের জন্যও pre-K সিট থাকে। আবার অন্যান্য জোনভিত্তিক স্কুলে জোনের সকল শিক্ষার্থীর জন্য পর্যাপ্ত সিট থাকে না। গত বছরের আবেদন পূর্বে অগ্রাধিকারমূলক কোন কোন গ্রুপকে ভর্তি নেওয়া হয়েছে সেই তথ্য MySchools.nyc লিংকে থাকা অনলাইন ডিরেক্টরিতে দেওয়া আছে। আপনি চাইলে যেকোনো স্কুলে আবেদন করতে পারেন, তবে আপনার সন্তানের ভর্তির সম্ভাবনা কতটুকু তা যাচাই করে নিতে এই তথ্য আপনার কাজে আসতে পারে।

যেমন, আপনি আপনার সন্তানকে আপনার ডিস্ট্রিক্টে থাকা একটি স্কুলে পড়াতে চান যেটি আপনার সন্তানের জন্য জোনভিত্তিক স্কুল নয়। MySchools.nyc লিংকে গিয়ে আপনি দেখতে পেলেন যে আপনি যেই স্কুলের জন্য আগ্রহী সেই স্কুল গত বছর শুধু জোনের মধ্যে থাকা শিক্ষার্থীদের জন্য সিট বরাদ্দ রেখেছিলো। এই স্কুলটি আপনি চাইলে আপনার আবেদন উল্লেখ করতে পারেন। যদি এই স্কুল আপনার প্রথম পছন্দ হয়ে থাকে, তাহলে আপনি আবেদনে সেভাবেই উল্লেখ করতে পারেন। তবে, আপনি অন্য স্কুল, Pre-K সেন্টার বা NYCEEC-গুলোকেও আবেদনে উল্লেখ করতে পারেন যেখানে হয়ত আপনার সন্তানের ভর্তি হওয়ার সম্ভাবনা বেশি থাকবে। আবেদনের তালিকায় নিচের দিকে জোনভিত্তিক স্কুল উল্লেখ করলে তাতে সেই জোনভিত্তিক স্কুলে আপনার সন্তানের ভর্তির সম্ভাবনার উপর কোনোভাবেই প্রভাব পড়বে না যদি আপনার উল্লেখ করা তালিকায় উপরে থাকা স্কুলগুলোতে আপনার সন্তানের জন্য কোনো সিট না থাকে।

DOE ডিস্ট্রিক্ট স্কুলে pre-K প্রোগ্রামে অংশগ্রহণ করার ফলে কিভারগার্টেনে আমার সন্তানের ভর্তির উপর কী ধরনের প্রভাব পড়বে?

DOE ডিস্ট্রিক্ট স্কুলে কোনো শিক্ষার্থী pre-K প্রোগ্রামে অংশগ্রহণ করলে সেই শিক্ষার্থী 2023-2024 স্কুল বর্ষে ঐ একই স্কুলে কিভারগার্টেনে ভর্তি হতে পারবে এমন কোনো নিশ্চয়তা নেই। আপনার সন্তান pre-K-তে থাকা অবস্থাতেই কিভারগার্টেনে ভর্তি প্রক্রিয়ার সময় আপনাকে স্কুলগুলোতে আবেদন করতে হবে। কোন শিশু কোন স্কুলের কিভারগার্টেনে ভর্তি হতে পারবে সেই সিদ্ধান্ত নির্ভর করবে কিভারগার্টেনে অগ্রাধিকারমূলক ভর্তির বিষয়ের উপর।

আপনার জোনভিত্তিক স্কুলে pre-K প্রোগ্রামে অংশগ্রহণ করলে অন্য জোনভিত্তিক শিক্ষার্থীর তুলনায় ঐ একই স্কুলে আপনার সন্তানের কিভারগার্টেনে ভর্তি হওয়ার সম্ভাবনা কম বা বেশি হয়ে যাবে না। তবে আপনার জোনভিত্তিক স্কুল নয় এমন স্কুলে pre-K প্রোগ্রামে অংশগ্রহণ করলে কিভারগার্টেনে অগ্রাধিকারমূলক ভর্তি অনুযায়ী ঐ একই স্কুলে আপনার সন্তানের কিভারগার্টেনে ভর্তি হওয়ার সম্ভাবনা বেশি হতে পারে।

কিভারগার্টেনে ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য জানার জন্য AFC-এর [গাইড টু কিভারগার্টেন অ্যাডমিশন্স](http://www.advocatesforchildren.org/sites/default/files/library/kindergarten_admissions_guide.pdf) দেখুন:

http://www.advocatesforchildren.org/sites/default/files/library/kindergarten_admissions_guide.pdf

NYC DOE Pre-K সেন্টারের জন্য অগ্রাধিকারমূলক ভর্তি

DOE Pre-K সেন্টারগুলো DOE স্টাফ দ্বারা পরিচালিত, তবে অন্য DOE ডিস্ট্রিক্ট স্কুলের তুলনায় এগুলো শুধু pre-K ও 3-K প্রোগ্রাম অফার করে থাকে। এসব প্রোগ্রাম DOE পাবলিক স্কুলগুলোতে বা আলাদা pre-K সাইটে পরিচালনা করা হয় যেখানে সকলেই pre-K বা 3-K শিক্ষার্থী। DOE Pre-K সেন্টারের প্রোগ্রামে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থী ভর্তি নেওয়া হয়ে থাকে:

1. Pre-K সেন্টারে সকলের জন্য 3-K প্রোগ্রামে থাকা বিদ্যমান শিক্ষার্থী;
2. Pre-K সেন্টার যেই ডিস্ট্রিক্টের অন্তর্ভুক্ত সেই একই ডিস্ট্রিক্টে থাকা শিক্ষার্থী;
3. ডিস্ট্রিক্টের বাইরে থাকা শিক্ষার্থী।

মনে রাখুন: আপনার ডিস্ট্রিক্ট খুঁজে পাওয়ার জন্য MySchools.nyc বা schoolsearch.schools.nyc লিংকে গিয়ে আপনার বাসার ঠিকানা ও বরোর নাম, আপনার সন্তানের গ্রেড প্রদান করে “সার্চ” ক্লিক করুন। এরপর আপনি আপনার ঠিকানা ও ডিস্ট্রিক্টে থাকা স্কুলের নাম ও যোগাযোগের তথ্য দেখতে পাবেন। আপনি এই তথ্য জানার জন্য 311 নম্বরেও কল করতে পারেন।

NYC আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC)-গুলোর জন্য অগ্রাধিকারমূলক ভর্তি

NYCEEC-গুলোতে (কমিউনিটি-ভিত্তিক সংস্থা) সকলের জন্য Pre-K প্রোগ্রামে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থী ভর্তি নেওয়া হয়ে থাকে:

1. NYCEEC-তে তিন বছর বয়সীদের জন্য প্রোগ্রাম বা সকলের জন্য 3-K প্রোগ্রামে (2021-2022 স্কুল বর্ষে) থাকা বিদ্যমান শিক্ষার্থী;
2. NYCEEC-তে থাকা বিদ্যমান শিক্ষার্থীদের ভাই-বোন;
3. NYCEEC-তে যে সংস্থা কাজ করে থাকে সেই সংস্থা থেকে যেসব পরিবার ত্রি বা কম খরচে সামাজিক পরিষেবা পেয়ে থাকে সেসব পরিবার থেকে আসা শিক্ষার্থী;
4. ইংরেজি নয় এমন কোনো ভাষায় কথা বলা শিক্ষার্থী যেই ভাষায় NYCEEC সেবা দিতে সক্ষম (পৃষ্ঠা 12 দেখুন);
5. অন্যান্য সকল শিক্ষার্থী।

উপরে যেভাবে উল্লেখ করা হয়েছে, 2021-2022 স্কুল বর্ষে যেসব শিশু NYCEEC-তে অংশ নিয়েছে তারা 2022-2023 স্কুল বর্ষে ঐ একই NYCEEC-এর pre-K প্রোগ্রামে থাকার জন্য প্রথমে অগ্রাধিকার পাবে। তাই কিছু NYCEEC-তে নতুন শিক্ষার্থীর জন্য সিট নাও থাকতে পারে। যদি আপনি কোনো NYCEEC-এর জন্য আগ্রহী থাকেন, তাহলে প্রথমে আপনি ঐ NYCEEC-তে যোগাযোগ করে জেনে নিতে পারেন যে সেখানে ঐ NYCEEC-এর বাইরে থেকে আসা শিক্ষার্থীদের জন্য সিট থাকবে কিনা। [MySchools.nyc](http://MySchools.nyc.gov)-এ দেওয়া প্রোগ্রাম পেইজ থেকেও আপনি দেখতে পারেন যে গত বছর নতুন কোনো শিক্ষার্থী অফার পেয়েছে কিনা। আপনি আপনার পছন্দের NYCEEC আবেদনে উল্লেখ করা ছাড়াও অন্যান্য অপশনও উল্লেখ করে দিতে পারেন। এছাড়াও, কিছু NYCEEC-তে আয় সংক্রান্ত বা অন্যান্য যোগ্যতার শর্ত রয়েছে কারণ সেগুলো হেড স্টার্ট বা চাইল্ড কেয়ার দ্বারা অর্থায়িত হয়ে থাকে। এসব শর্ত আছে এমন NYCEEC-গুলো [MySchools.nyc](http://MySchools.nyc.gov) ডিরেক্টরিতে উল্লেখ করা থাকবে। আবেদন করার পূর্বে আপনি এসব NYCEEC-তে যোগাযোগ করে জেনে নিতে পারেন আপনি তাদের শর্ত পূরণ করেন কিনা। আর্লিয়ার্ন NYC প্রোগ্রাম যেটি এক ধরনের NYCEEC সেটি সম্পর্কে জানার জন্য পৃষ্ঠা 13 দেখুন।

NYCEEC-তে আবেদন করার একটি সুবিধা হলো এসব প্রোগ্রাম ডিস্ট্রিক্ট স্কুলের তুলনায় বেশি সময় ধরে পরিচালিত হতে পারে। তবে, খেয়াল রাখুন অতিরিক্ত ঘন্টার জন্য আপনাকে ফি প্রদান করতে হতে পারে।

সকলের জন্য Pre-K ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর ওপেন (উন্মুক্ত) সিট খুঁজে পাওয়া

ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পরেও এবং নতুন স্কুল বর্ষ শুরু হয়ে যাওয়ার পরেও কিছু সকলের জন্য Pre-K প্রোগ্রামে সিট থাকতে পারে। আবেদন পর্ব শেষ হওয়ার পর যেকোনো আপডেট জানার জন্য DOE ওয়েবসাইট www.nyc.gov/prek দেখে নিতে পারেন। এছাড়াও, আপনি:

1. 311 বা (718) 935-2009 নম্বরে কল করতে পারেন; বা
2. সরাসরি প্রোগ্রামগুলোতে যোগাযোগ করতে পারেন; বা
3. কোনো ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টার পরিদর্শন করতে পারেন (পৃষ্ঠা 16 দেখুন)।

সকলের জন্য 3-K (3-K ফর অল) প্রোগ্রাম

সকলের জন্য 3-K প্রোগ্রাম হলো তিন বছর বয়সী শিশুদের জন্য বিনামূল্যে প্রদত্ত (ফ্রি) প্রিন্সিপাল প্রোগ্রাম। যে সালে কোনো শিশুর বয়স তিন বছর পূর্ণ হবে সেই সালের সেপ্টেম্বর মাস থেকেই সেই শিশু সকলের জন্য 3-K শুরু করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। 2022-2023 স্কুল বর্ষে 2019 সালে জন্মগ্রহণ করা শিশুরা যোগ্য বলে বিবেচিত হবে।

সকলের জন্য Pre-K-এর মতই DOE সকলের জন্য 3-K প্রোগ্রাম পরিচালনা করে থাকে। সকলের জন্য 3-K প্রোগ্রাম NYC DOE ডিস্ট্রিক্ট স্কুল, NYC DOE Pre-K সেন্টার, NYCEEC এবং ফ্যামিলি চাইল্ড কেয়ার প্রোগ্রাম নামের ইন-হোম ভিত্তিক প্রোগ্রামের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। সকলের জন্য Pre-K-এর তুলনায় সিটির সকল শিশুর জন্য এখানে কোনো নিশ্চিত সিটের ব্যবস্থা নেই।

2019 সালে জন্মগ্রহণ করা শিশুদের পরিবার সিটির যেকোনো স্থানে 3-K সিটের জন্য আবেদন করতে পারবে। শিশুরা যেই ডিস্ট্রিক্টে থাকে সেই ডিস্ট্রিক্টের সকলের জন্য 3-K প্রোগ্রামে ভর্তি হওয়ার ক্ষেত্রে তারা অগ্রাধিকার পেয়ে থাকে। তবে, কিছু নির্দিষ্ট সংখ্যক স্কুল ডিস্ট্রিক্ট তাদের ডিস্ট্রিক্টে থাকা সকল শিক্ষার্থীর জন্য নিশ্চিত

সকলের জন্য PRE-K নিয়ে কোনো প্রশ্ন আছে?

সকলের জন্য Pre-K প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া নিয়ে যেসব পরিবারের প্রশ্ন আছে, তারা DOE-এর Pre-K অ্যাডমিশন টিম-এর সাথে যোগাযোগ করতে পারেন ESenrollment@schools.nyc.gov এই ইমেইল ঠিকানায় বা (718) 935-2009 এই নম্বরে।

সিট প্রদান করতে সক্ষম। 2022-2023 স্কুল বর্ষে নিম্নে দেওয়া ডিস্ট্রিক্টে বসবাসরত শিশুরা তাদের নিজ নিজ ডিস্ট্রিক্টে 3-K-এর জন্য নিশ্চিত সিট পাবে:

- ডিস্ট্রিক্ট 4 (ইস্ট হার্লেম),
- ডিস্ট্রিক্ট 5 (হার্লেম),
- ডিস্ট্রিক্ট 6 (ওয়াশিংটন হাইটস ও ইনউড),
- ডিস্ট্রিক্ট 7 (সাউথ ব্রনক্স),
- ডিস্ট্রিক্ট 8 (থ্রাগস নেক, কান্ট্রি ক্লাব, পেলহাম বে, ক্যাসল হিল, সাউন্ডভিউ, হান্টস পয়েন্ট),
- ডিস্ট্রিক্ট 9 (গ্র্যান্ড কনকোর্স, হাইব্রিজ, মরিস্যানিয়া),
- ডিস্ট্রিক্ট 16 (বেডফোর্ড-স্টুয়েভেন্স),
- ডিস্ট্রিক্ট 19 (ইস্ট নিউ ইয়র্ক),
- ডিস্ট্রিক্ট 23 (ব্রাউন্সভিল, ইস্ট নিউ ইয়র্ক, ওশেন হিল),
- ডিস্ট্রিক্ট 27 (ব্রড চ্যানেল, হওয়ার্ড বিচ, ওজোন পার্ক, রকাওয়েস),
- ডিস্ট্রিক্ট 31 (স্ট্যাটেন আইল্যান্ড) ও
- ডিস্ট্রিক্ট 32 (বুশউইক)

অন্য ডিস্ট্রিক্টগুলো যতগুলো পরিবারের শিশুদের জন্য সিট দিতে সক্ষম, ঠিক ততগুলো সিট অফার করবে। আপনার এলাকার প্রোগ্রামগুলোর সর্বশেষ তথ্য জানার জন্য ভিজিট করুন nyc.gov/3K।

MySchools.nyc ও schoolsearch.schools.nyc ব্যবহার করে আপনি আপনার স্কুল ডিস্ট্রিক্ট এবং সকলের জন্য 3-K প্রোগ্রাম খুঁজে নিতে পারেন। আপনি সরাসরি প্রোগ্রামগুলোতে যোগাযোগ করে তাদের ভার্সুয়াল ট্যুর ও ওপেন হাউজ সম্পর্কে জেনে নিতে পারেন।

সকলের জন্য 3-K: ভর্তি প্রক্রিয়া

একটি মাত্র আবেদন ফর্ম ব্যবহার করে DOE ডিস্ট্রিক্ট স্কুল, DOE Pre-K সেন্টার, NYCEEC এবং ফ্যামিলি চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলোতে আপনি সকলের জন্য 3-K প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবেন। অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থী, উদীয়মান বহুভাষী শিক্ষার্থী (ইমার্জেন্ট মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স) ও অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীদের পরিবার সহ যেসব পরিবারে 2019 সালে শিশু জন্মগ্রহণ করেছে, তারা 3-K ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারবে।

ফল 2022-এ যেসব শিক্ষার্থী 3-K শুরু করবে তাদের জন্য এপ্রিল 14, 2022 থেকে আবেদন প্রক্রিয়া শুরু হবে। DOE-আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আপনি একসাথে 12টি পর্যন্ত ফুল-ডে (6 ঘন্টা, 20 মিনিট) সকলের জন্য 3-K প্রোগ্রামে আবেদন করতে পারবেন। সময়সীমা শেষ হওয়ার পূর্বে আপনি যেকোনো সময় আপনার আবেদন আপডেট করতে পারবেন। আগে আসলে, আগে পাবেন ভিত্তিতে ভর্তি নেওয়া হবে না। অগ্রাধিকারমূলক ভর্তি অনুযায়ী সময়সীমার মধ্যে পাওয়া সকল আবেদনকে সমানভাবে গুরুত্ব দেওয়া হবে।

DOE ডিস্ট্রিক্ট schools, DOE Pre-K সেন্টার, NYCEEC এবং ফ্যামিলি চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলোর সকলের জন্য 3-K প্রোগ্রামের জন্য আবেদন করার জন্য আপনাকে অবশ্যই সেন্ট্রালাইজড আবেদন ফর্ম ব্যবহার করতে হবে।

12টি পর্যন্ত প্রোগ্রামের ব্যাংকিং ঠিক করে নেওয়ার পর, **তিনটি উপায়ে আবেদন করা যাবে:**

1. MySchools.nyc লিংকে গিয়ে অনলাইনে আবেদন করার মাধ্যমে;
2. প্রতি সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে সন্ধ্যা 6টার মধ্যে (718) 935-2009 নম্বরে কল করার মাধ্যমে; বা
3. ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করার মাধ্যমে।

আবেদন প্রক্রিয়াটি দশটি ভাষায় উপলভ্য রয়েছে: আরবি, বাংলা, চীনা, ইংরেজি, ফরাসি, হাইশান ক্রিওল, কোরীয়, রুশ, স্প্যানিশ ও উর্দু। ফোনে পরিবারদের সাহায্য করার জন্য DOE 200টি ভাষার দোভাষীও প্রদান করে থাকে।

সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করুন (পৃষ্ঠা 16 দেখুন) or DOE-কে ESEnrollment@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করুন।

সকলের জন্য 3-K: অগ্রাধিকারমূলক ভর্তি

যেহেতু সিট সীমিত, সেই জন্য 2019 সালে জন্মগ্রহণ করা সকল শিশু সকলের জন্য 3-K প্রোগ্রামে অংশগ্রহণ নাও করতে পারে। এমনকি যেসব স্কুল ডিস্ট্রিক্ট নিশ্চিত সিট প্রদান করে থাকে, তারাও আবেদন করা সকল শিক্ষার্থীদেরকে ভর্তি নাও নিতে পারে। ভর্তি সংক্রান্ত সিদ্ধান্ত কিছু অগ্রাধিকারমূলক বিষয়ের উপর নির্ভর করে থাকে যা নিম্নে দেওয়া হয়েছে। যেসব পরিবার তাদের আবেদন কোনো নির্দিষ্ট সকলের জন্য 3-K প্রোগ্রাম উল্লেখ করে থাকে, সেই প্রোগ্রামের লোকেশনে থাকা প্রথম অগ্রাধিকারমূলক গ্রুপের শিক্ষার্থীদেরকে প্রথমে ভর্তি নেওয়া হবে, এরপর দ্বিতীয় অগ্রাধিকারমূলক গ্রুপের শিক্ষার্থীদেরকে অফার দেওয়া হবে এবং এভাবে প্রোগ্রামে থাকা সকল আসন পূর্ণ হওয়া পর্যন্ত চলতে থাকবে। যদি প্রোগ্রামে থাকা আসনের চেয়ে বেশি শিক্ষার্থী কোনো একটি অগ্রাধিকারমূলক গ্রুপ থেকে আবেদন করে থাকে, তখন র্যান্ডম পদ্ধতিতে ঐ গ্রুপের শিক্ষার্থীদের কাছে অফার দেওয়া হয়।

ডিস্ট্রিক্ট স্কুলের সকলের জন্য 3-K প্রোগ্রামে যদি আপনি আগ্রহী হয়ে থাকেন, তাহলে প্রথমেই আপনাকে আপনার **জোনের স্কুল ও ডিস্ট্রিক্ট** ঠিক করে নিতে হবে। আপনার জোনের স্কুল ও ডিস্ট্রিক্ট খুঁজে পাওয়ার জন্য MySchools.nyc বা schoolsearch.schools.nyc লিংকে গিয়ে আপনার বাসার ঠিকানা ও বরোর নাম, আপনার সন্তানের গ্রেড (“3-K”) প্রদান করে “সার্চ” ক্লিক করুন। এরপর আপনি আপনার ঠিকানা ও ডিস্ট্রিক্টে থাকা স্কুলের নাম ও যোগাযোগের তথ্য দেখতে পাবেন। আপনি এই তথ্য জানার জন্য 311 নম্বরেও কল করতে পারেন। মনে রাখবেন আপনার জোনের স্কুলটি 3-K প্রোগ্রাম অফার করতেও পারে বা নাও করতে পারে।

অধিকাংশ জোনের স্কুলগুলোর সকলের জন্য 3-K প্রোগ্রামে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থীদেরকে ভর্তি নেওয়া হয়ে থাকে:

1. জোনভিত্তিক শিক্ষার্থী যাদের ভাই-বোন* 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
2. অন্যান্য জোনভিত্তিক শিক্ষার্থী;
3. ডিস্ট্রিক্টের মধ্যে থাকা শিক্ষার্থী যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
4. ডিস্ট্রিক্টের বাইরে থাকা শিক্ষার্থী যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে স্কুলে থাকবে;
5. ডিস্ট্রিক্টের মধ্যে থাকা অন্যান্য শিক্ষার্থী;
6. ডিস্ট্রিক্টের বাইরে থাকা অন্যান্য শিক্ষার্থী।

** ** ভাই-বোনের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে হাফ-সিবলিং (একই মায়ের সন্তান কিন্তু বাবা ভিন্ন অথবা একই বাবার সন্তান কিন্তু মা ভিন্ন), সং ভাই-বোন (যারা ভিন্ন মা-বাবার সন্তান কিন্তু পারিবারিক সূত্রে ভাই-বোন) এবং ফস্টার সিবলিং যারা একই ঠিকানায় বসবাস করে থাকে। ভাই-বোনের ভিত্তিতে অগ্রাধিকার পাওয়ার জন্য কোনো ভাই বা বোনকে 2022-2023 স্কুল বর্ষে স্কুলে ভর্তি থাকতে হবে বা 2022-2023 স্কুল বর্ষে ডিস্ট্রিক্ট 75 স্পেশলাইজড প্রোগ্রামে ভর্তি থাকতে হবে যেটি ঐ একই স্কুল ভবনে পরিচালিত হবে।*

অধিকাংশ শিশুর জন্য জোনভিত্তিক স্কুল থাকবে, তবে ডিস্ট্রিক্ট 1, ডিস্ট্রিক্ট 7 ও ডিস্ট্রিক্ট 23 হলো জোন ছাড়া বা নন-জোনড ডিস্ট্রিক্ট। এসব ডিস্ট্রিক্টের সকল স্কুলগুলোকে জোন ছাড়া বা নন-জোনড স্কুল হিসেবে বিবেচনা করা হয়। এসব ডিস্ট্রিক্টে থাকা পরিবারগুলো সেই ডিস্ট্রিক্টের স্কুলগুলোতে অগ্রাধিকার পাবে। এছাড়াও NYC জুড়ে অন্যান্য ডিস্ট্রিক্টে জোনের বাইরে পড়েছে এমন কিছু নন-জোনড স্কুলও রয়েছে। পছন্দের ডিস্ট্রিক্টে ও NYC জুড়ে নন-জোনড স্কুলগুলো উপরে উল্লেখ করা 3-6 নম্বর অগ্রাধিকার অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি নিয়ে থাকে।

DOE Pre-K সেন্টারগুলোতে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থীদেরকে ভর্তি নেওয়া হয়ে থাকে:

1. Pre-K সেন্টার যেই ডিস্ট্রিক্টের অন্তর্ভুক্ত সেই একই ডিস্ট্রিক্টে থাকা শিক্ষার্থী এবং যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে সেন্টারে থাকবে;
2. ডিস্ট্রিক্টের বাইরে থাকা শিক্ষার্থী এবং যাদের ভাই-বোন 2022-2023 স্কুল বর্ষে সেন্টারে থাকবে;
3. Pre-K সেন্টার যেই ডিস্ট্রিক্টের অন্তর্ভুক্ত সেই একই ডিস্ট্রিক্টে থাকা অন্যান্য শিক্ষার্থী;
4. ডিস্ট্রিক্টের বাইরে থাকা শিক্ষার্থী।

NYCEEC (কমিউনিটি-ভিত্তিক সংস্থা)-গুলোর সকলের জন্য 3-K প্রোগ্রামে নিম্নে দেওয়া অগ্রাধিকারের ক্রম (অর্ডার) অনুযায়ী শিক্ষার্থীদেরকে ভর্তি নেওয়া হয়ে থাকে:

1. NYCEEC-তে থাকা বিদ্যমান শিক্ষার্থী;
2. NYCEEC-তে থাকা বিদ্যমান শিক্ষার্থীদের ভাই-বোন;
3. NYCEEC-তে যে সংস্থা কাজ করে থাকে সেই সংস্থা থেকে যেসব পরিবার ত্রিফ বা কম খরচে সামাজিক পরিষেবা পেয়ে থাকে সেসব পরিবার থেকে আসা শিক্ষার্থী;
4. ইংরেজি নয় এমন কোনো ভাষায় কথা বলা শিক্ষার্থী যেই ভাষায় NYCEEC সেবা দিতে সক্ষম (পৃষ্ঠা 12 দেখুন);
5. ডিস্ট্রিক্টের মধ্যে থাকা অন্যান্য শিক্ষার্থী;
6. ডিস্ট্রিক্টের বাইরে থাকা অন্যান্য শিক্ষার্থী।

কিছু NYCEEC-তে আয় সংক্রান্ত বা অন্যান্য যোগ্যতার শর্ত রয়েছে কারণ সেগুলো হেড স্টাফ বা চাইল্ড কেয়ার দ্বারা অর্থাযিত হয়ে থাকে। এসব শর্ত আছে এমন NYCEEC-গুলো MySchools.nyc ডিরেক্টরিতে উল্লেখ করা থাকবে। আবেদন করার পূর্বে আপনি এসব NYCEEC-তে যোগাযোগ করে জেনে নিতে পারেন আপনি তাদের শর্ত পূরণ করেন কিনা। আর্লিয়ার্ন NYC প্রোগ্রাম যেটি এক ধরনের NYCEEC সেটি সম্পর্কে জানার জন্য পৃষ্ঠা 13 দেখুন।

কিছু নির্দিষ্ট 3-K প্রোগ্রামের জন্য অতিরিক্ত অগ্রাধিকারমূলক ক্যাটাগরি থাকতে পারে যাতে শিক্ষার্থীদের ব্যাপারে আরও বেশি ডাইভার্সিটি নিশ্চিত করা যায়। অগ্রাধিকারমূলক ভর্তি সম্পর্কে [2022 NYC পাবলিক স্কুলস অ্যাডমিশনস গাইড](http://2022.NYC.পাবলিক.স্কুলস.অ্যাডমিশনস.গাইড) থেকে বিস্তারিত জানা যাবে যা বিভিন্ন ভাষায় উপলভ্য রয়েছে এই লিংকে nyc.gov/prek।

অফার পাওয়া: লেইট স্প্রিং 2022

এই স্প্রিং মৌসুমে আবেদন করেছে এমন প্রতিটি পরিবারের কাছে DOE সিদ্ধান্তের ফলাফল সংক্রান্ত একটি চিঠি পাঠাবে। যেসব পরিবারকে সকলের জন্য 3-K প্রোগ্রামের অফার দেওয়া হয়েছে তাদেরকে অফার গ্রহণ করে যেই স্কুলে তাদের সন্তানকে ভর্তির অফার দেওয়া হয়েছে সেই স্কুলে নিবন্ধন বা রেজিস্টার করতে হবে। অফার লেটারে উল্লেখ করা সময়সীমার মধ্যে অফার গ্রহণ করে সেপ্টেম্বর মাস থেকে আপনার সন্তানের জন্য সিট রিজার্ভ করে নিন। প্রোগ্রাম নিবন্ধন করার তথ্য জানার জন্য সকলের জন্য Pre-K অংশ দেখুন (পৃষ্ঠা 3)।

অস্থায়ী আবাসনে থাকা প্রিস্কুলার & ফস্টার কেয়ারে থাকা শিশুদের জন্য অতিরিক্ত অধিকারসমূহ

Pre-K ও 3-K আবেদন ও ভর্তি

যেসব পরিবার অস্থায়ী আবাসনে থাকে, যেমন কোনো শেল্টার, তারা সকলের জন্য Pre-K ও 3-K প্রোগ্রামের ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারবে এবং তাদের অংশ নেওয়া উচিত। আপনার জোনের স্কুল নির্ধারণ করার জন্য schoolsearch.schools.nyc লিংকে গিয়ে আপনার অস্থায়ী ঠিকানা প্রদান করুন অথবা 311 নম্বরে কল করুন।

নিবন্ধনের সময় যদি পরিবার থেকে ঠিকানার দুইটি প্রমাণ দেওয়া সম্ভব না হয়, তাহলে স্কুলে জানাতে হবে যে তারা অস্থায়ী আবাসনে বসবাস করে থাকে। অস্থায়ী আবাসনে থাকা পরিবারদেরকে নিবন্ধনের জন্য কোনো ডকুমেন্ট জমা দিতে হয় না। যদি কোনো সমস্যা হয়ে থাকে, তাহলে তারা তাদের বরোর রিজিওনাল ম্যানেজার ফর স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং-এর সাথে যোগাযোগ করে নিতে পারে। তাদের যোগাযোগের তথ্য পৃষ্ঠা 17-তে দেওয়া আছে।

স্কুল বর্ষ শুরু হওয়ার পর যদি কোনো Pre-K বা 3-K প্রোগ্রামে **ওপেন সিট** থেকে থাকে, তাহলে অস্থায়ী আবাসনে থাকা শিশুরা সেখানে **তাৎক্ষণিক ভর্তির** সুযোগ পাবে। এর মানে হলো প্রোগ্রামটিতে ঐ শিশুকে তৎক্ষণাৎ ভর্তি করিয়ে নিতে হবে, এমনকি শিশুর পরিবারটি ভর্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট, যেমন বার্থ সার্টিফিকেট, রেসিডেন্সির প্রমাণ বা টিকা গ্রহণের কাগজপত্র, প্রদান করতে না পারলেও তাকে ভর্তি করিয়ে নিতে হবে।

Pre-K ও 3-K প্রোগ্রামে যাওয়া-আসা

অস্থায়ী আবাসনে থাকা শিশুরা প্রোগ্রামে যাওয়া-আসা করার জন্য সুবিধা পাবে। DOE তাদের পরিবারকে **মেট্রোকার্ড** প্রদান করবে যাতে তারা DOE ডিস্ট্রিক্ট স্কুল, DOE Pre-K সেন্টার, NYCEECs, ফ্যামিলি চাইল্ড কেয়ার ও চার্টার স্কুলে পরিচালিত সকলের জন্য Pre-K ও 3-K প্রোগ্রামে তাদের শিশুকে নিয়ে যেতে এবং সেখান থেকে নিয়ে আসতে পারে। অস্থায়ী আবাসনে থাকা শিশুদের পরিবার তাদের সন্তানের DOE প্রিস্কুল প্রোগ্রাম, যার মধ্যে রয়েছে আর্লিয়ার্ন NYC (পৃষ্ঠা 13 দেখুন), বা DOE-এর স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং রিজিওনাল ম্যানেজারের কাছে মেট্রোকার্ডের জন্য অনুরোধ জানাতে পারবে। DOE-এর রিজিওনাল ম্যানেজারদের যোগাযোগ তথ্য জানার জন্য পৃষ্ঠা 17 দেখুন।

কিছু কিছু ক্ষেত্রে অস্থায়ী আবাসনে থাকা শিশুরা তাদের 3-K বা pre-K প্রোগ্রামে যাওয়া-আসার জন্য বাস ব্যবহার করতে পারে যদি তেমন কোনো বাস রুট থেকে থাকে। বাস ব্যবহার করার জন্য অস্থায়ী আবাসনে থাকা পরিবারদেরকে **অনলাইন ফর্ম** পূরণ করতে হবে বা স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং রিজিওনাল ম্যানেজারের সাথে যোগাযোগ করে তাদেরকে বলতে হবে যে তারা যেন ফর্মটি পূরণ করে জমা দিয়ে দেয়, ফর্মটি DOE ওয়েবসাইটে পাওয়া যাবে <http://bit.ly/STH-Transportation> এই লিংকে।

কোনো শিশু গৃহহীন থেকে পরবর্তীতে স্থায়ী আবাসনের ঠিকানায় চলে গেলেও, সেই শিশুর জন্য পরিবহন (মেট্রোকার্ড বা বাস সেবা যদি বাস রুট থেকে থাকে) ব্যবস্থার সুযোগ স্কুল বর্ষের বাকি সময় জুড়েও অব্যাহত থাকবে।

Pre-K প্রোগ্রামে আসন পূর্ণ হয়ে যাওয়ার পরও অস্থায়ী আবাসনে থাকা প্রিন্সুলারদের জন্য আসন তৈরি করা

সাধারণত pre-K ক্লাসগুলোতে 18জন শিক্ষার্থী থাকতে পারে যাদের সাথে দুইজন প্রাপ্তবয়স্ক (একজন শিক্ষক ও একজন প্যারাপ্রফেশনাল) থাকে। পরিবারগুলোর কাছে থাকা pre-K প্রোগ্রামগুলোর আসন পূর্ণ হওয়া বা **লম্বা ওয়েটিং লিস্ট** থাকার পরও সকলের জন্য Pre-K প্রোগ্রামগুলো অস্থায়ী আবাসনে থাকা শিশুদেরকে ভর্তি করানোর জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করতে পারে। ক্লাসে 19তম বা 20তম শিক্ষার্থীকে ভর্তি করানোর জন্য pre-K ক্লাসে তিনজন স্টাফ থাকতে হবে (একজন শিক্ষক ও দুইজন প্যারাপ্রফেশনাল)। ক্লাসে 21তম শিক্ষার্থীকে ভর্তি করানোর জন্য সকলের জন্য Pre-K প্রোগ্রামটি ক্লাসের সাইজে পরিবর্তন আনার অনুরোধ জানাতে পারবে যাতে তারা অস্থায়ী আবাসনে থাকা শিশুকে ভর্তি করাতে পারে। 20জন শিক্ষার্থী আছে এমন ক্লাসে অক্ষমতা সম্পন্ন কোনো শিশুকে ভর্তি করানোর জন্যও ক্লাসের সাইজে পরিবর্তন আনা যাবে।

অস্থায়ী আবাসনে থাকা শিশুকে pre-K বা 3-K প্রোগ্রামে ভর্তি করতে কোনো সহায়তার প্রয়োজন হলে বা প্রোগ্রামে যাওয়া-আসার জন্য পরিবহন ব্যবস্থার সুযোগের অনুরোধ জানানো জন্য অনুগ্রহ করে ProjectLIT@advocatesforchildren.org এই ঠিকানায় ইমেইল করুন বা AFC-এর হেল্পলাইনে কল করুন (পৃষ্ঠা 18 দেখুন)।

অস্থায়ী আবাসনে থাকা প্রিন্সুলারদের সাহায্য করার লক্ষ্যে আরও রিসোর্সের জন্য ভিজিট করুন DOE ওয়েবসাইট schools.nyc.gov/STH এই লিংকে।

ফস্টার কেয়ারে থাকা শিশু

ফস্টার কেয়ারে থাকা শিশুরাও ভর্তি ও পরিবহনের ক্ষেত্রে অতিরিক্ত সুবিধা পাবে। স্কুল বর্ষ চলাকালীন সময়ে **ওপেন সিট** আছে এমন যেকোনো Pre-K বা 3-K প্রোগ্রামে ফস্টার কেয়ারে থাকা শিশুরা **তাৎক্ষণিক ভর্তির** সুযোগ পাবে। এর মানে হলো প্রোগ্রামটিতে ঐ শিশুকে তৎক্ষণাৎ ভর্তি করিয়ে নিতে হবে, এমনকি শিশুর পরিবারটি ভর্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট, যেমন বার্থ সার্টিফিকেট, রেসিডেন্সির প্রমাণ বা টিকা গ্রহণের কাগজপত্র, প্রদান করতে না পারলেও তাকে ভর্তি করিয়ে নিতে হবে।

ফস্টার কেয়ারে থাকা শিশুরা যারা 3-K বা Pre-K প্রোগ্রামে অংশ নিচ্ছে, তাদের জন্য পরিবহন ব্যবস্থা ব্যবহারের অধিকার রয়েছে এবং তারা বাস সেবার জন্য কোয়ালিফাই করতে পারে যদি ফস্টার কেয়ারে থাকা বা ফস্টার হোম পরিবর্তন করার ফলে প্রোগ্রামে অংশ নেওয়া অব্যাহত রাখার জন্য তাদের বাস সেবার প্রয়োজন পড়ে। আরও তথ্য জানার জন্য আপনার সন্তানের ফস্টার কেয়ার এজেন্সি বা অ্যাটর্নির সাথে যোগাযোগ করুন।

অক্ষমতা (ডিজ্যাবিলিটি) সম্পন্ন প্রিন্সুলারদের জন্য অতিরিক্ত অধিকারসমূহ

Pre-K ও 3-K আবেদন ও প্লেসমেন্ট প্রক্রিয়া

যেসব পরিবারের শিশুদের প্রিন্সুলে যাওয়ার বয়স হয়েছে, যার মধ্যে অক্ষমতা সম্পন্ন প্রিন্সুলাররাও অন্তর্ভুক্ত রয়েছে, তারা 2022-2023 স্কুল বর্ষে সকলের জন্য Pre-K ও 3-K প্রোগ্রামে আবেদন করতে পারবে।

যেসব প্রিন্সুল শিক্ষার্থীদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে যেখানে স্পেশাল এডুকেশন আইটিনেরান্ট টিচার (SEIT) সার্ভিস এবং/বা রিলেটেড সার্ভিসের সুপারিশ রয়েছে, তারা pre-K বা 3-K প্রোগ্রামের মাধ্যমে এসব সেবা পেতে পারে এবং তাদেরকে pre-K বা 3-K-এর জন্য আবেদন করতে হবে। খেয়াল করুন: ক্লাসের রেশিও (অনুপাত) অনুযায়ী যেসব শিক্ষার্থীদের IEP-তে SEIT এবং/বা রিলেটেড সার্ভিসের সুপারিশ করা হয়েছে, তারা এমন কোনো pre-K বা 3-K প্রোগ্রামে ভর্তি হতে পারবে না যেখানে শুধু “ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাস” রয়েছে। অনলাইনে [MySchools.nyc](https://myschools.nyc.gov) লিংকে এসব প্রোগ্রামের ব্যাপারে নোট দেওয়া আছে যে যদি আপনার সন্তানের IEP-তে SEIT এবং/বা রিলেটেড সার্ভিসের সুপারিশ করা হয়ে থাকে, তাহলে আবেদন করার পূর্বে আপনাকে প্রোগ্রামের সাথে যোগাযোগ করে নিতে হবে।

যেসব শিক্ষার্থীদের IEP-তে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়েছে, তাদের জন্য উপযুক্ত প্লেসমেন্ট খুঁজে পাওয়ার দায়িত্ব পালন করে থাকে কমিটি অন প্রিন্সুল স্পেশাল এডুকেশন (CPSE), এবং pre-K ও 3-K আবেদন প্রক্রিয়া এসব পরিস্থিতির জন্য প্রযোজ্য হবে না। তবে, যেসব প্রিন্সুল শিক্ষার্থীদের IEP-তে ফুল-ডে (পাঁচ ঘন্টা) বা হাফ-ডে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের জন্য সুপারিশ করা হয়েছে, তারা দিনের বাকি সময়ে pre-K বা 3-K প্রোগ্রামে অংশ নিতে পারবে কারণ ফুল-ডে pre-K ও 3-K প্রোগ্রামগুলো 6 ঘন্টা 20 মিনিট স্থায়ী হয়ে থাকে। যদি দিনের বাকি সময়ের জন্য আপনি চান আপনার সন্তান pre-K বা 3-K প্রোগ্রামে অংশগ্রহণ করুক, তাহলে আরও তথ্য জানার জন্য DOE-এর ডিভিশন অফ আর্লি চাইল্ডহুড এডুকেশনের সাথে যোগাযোগ করুন (212) 374-0351 এই নম্বরে বা prekfamilyengagement@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করুন। যেসব শিক্ষার্থীদের IEP-তে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়েছে, তারা বাস সেবা ব্যবহার করার সুযোগ পাবে। যদি পরিবহন ব্যবস্থা ঠিক করা না হয়ে থাকে, তাহলে EarlyChildhoodBusing@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করুন।

2022-2023 স্কুল বর্ষের আগেই আপনার সন্তানের IEP পরিবর্তন হতে পারে। তাই, যদি আপনি চান আপনার সন্তান pre-K বা 3-K প্রোগ্রামে অংশগ্রহণ করুক, তাহলে আমাদের পরামর্শ হচ্ছে আপনি আপনার সন্তানের জন্য একটি সিট রিজার্ভ করার আবেদন করে ফেলুন, আপনার সন্তানের বর্তমান IEP সুপারিশ যেমনই হয়ে থাকুক না কেনো।

যদি আপনার সন্তানের এখনও কোনো IEP না থাকে এবং আপনি চান ডিপার্টমেন্ট অফ এডুকেশন আপনার সন্তানের মূল্যায়ন করে দেখুক তার স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কিনা, তাহলে আপনার স্থানীয় কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) অফিস বরাবর আপনাকে চিঠি লিখতে হবে যেখানে আপনি উল্লেখ করবেন যে আপনি চান আপনার সন্তানের জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়ন যেন করা হয়। প্রতিটি CPSE অফিসের যোগাযোগের তথ্য জানার জন্য পৃষ্ঠা 18 দেখুন। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস সম্পর্কে আরও তথ্য জানার জন্য AFC-এর গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন দেখুন যা পাওয়া যাবে http://www.advocatesforchildren.org/sites/default/files/library/preschool_special_ed_guide.pdf এই লিংকে।

অক্ষমতার কারণে যদি আপনার সন্তানের জন্য সেকশন 504 প্ল্যানের দরকার হয়, তাহলে আপনাকে সরাসরি pre-K বা 3-K প্রোগ্রামে যোগাযোগ করতে হবে এবং সেকশন 504 প্ল্যান চেয়ে চিঠি লিখতে হবে। যেমন, যদি আপনার সন্তানের ডায়াবেটিস থেকে থাকে এবং তাকে ইনসুলিন ইঞ্জেকশন দেওয়ার জন্য কোনো স্টাফের প্রয়োজন হয় বা যদি আপনার সন্তানের খাবারে অ্যালার্জি থাকে এবং তাকে নির্দিষ্ট খাবার এড়িয়ে চলতে হবে, তাহলে আপনি সেকশন 504 চাইতে পারেন।

অক্ষমতার কারণে যদি আপনার সন্তানের জন্য অ্যাক্সেসিবল ভবন দরকার হয়, যেমন সিঁড়ি ছাড়া ভবন, তাহলে আপনি MySchools.nyc.gov ও schools.nyc.gov/BuildingAccessibility লিংকে দেখে নিতে পারেন কোন কোন DOE ডিস্ট্রিক্ট স্কুল ও Pre-K সেন্টারগুলো অ্যাক্সেসিবল হবে। NYCEEC অ্যাক্সেসিবল হবে কিনা তা জানার জন্য আপনাকে তাদেরকে কল করে জিজ্ঞেস করে নিতে হবে। যদি আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান অ্যাক্সেসিবল কোনো প্লেসমেন্ট না পেয়ে থাকে, তাহলে অফার দেওয়ার পর DOE কোনো একটি অ্যাক্সেসিবল প্লেসমেন্ট প্রদান করার ব্যবস্থা করবে। ভর্তি প্রক্রিয়ায় সহায়তার প্রয়োজন হলে DOE-এর সাথে যোগাযোগ করুন accessibleadmissions@schools.nyc.gov ও ESEnrollment@schools.nyc.gov এই ইমেইল ঠিকানায়।

যদি আপনার সন্তানের IEP-তে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়ে থাকে, তাহলে তার জন্য উপযুক্ত প্লেসমেন্ট খুঁজে পাওয়ার দায়িত্ব পালন করে থাকে CPSE। আপনার সন্তানের প্লেসমেন্ট নিয়ে কোনো প্রশ্ন থাকলে, আপনার সন্তানের বিষয়ে দায়িত্বরত CPSE অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করুন।

Pre-K প্রোগ্রামে আসন পূর্ণ হয়ে যাওয়ার পরও অক্ষমতা সম্পন্ন প্রিস্কুলারদের জন্য আসন তৈরি করা

পরিবারগুলোর কাছে থাকা pre-K প্রোগ্রামগুলোর আসন পূর্ণ হওয়া বা **লম্বা ওয়েটিং লিস্ট** থাকার পরও সকলের জন্য Pre-K প্রোগ্রামগুলো অক্ষমতা সম্পন্ন শিশুদেরকে ভর্তি করানোর জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করতে পারে। অক্ষমতা সম্পন্ন শিক্ষার্থী সহ অতিরিক্ত শিক্ষার্থীদের ভর্তি করানোর জন্য pre-K প্রোগ্রামগুলো ক্লাসের সাইজে পরিবর্তন আনার মাধ্যমে কীভাবে আসন তৈরি করতে পারে সেই সম্পর্কে আরও জানার জন্য পৃষ্ঠা 10 দেখুন।

অক্ষমতা সম্পন্ন শিশুকে pre-K বা 3-K-তে ভর্তি করার জন্য সহায়তা বা সেকশন 504 বা IEP-এর প্রয়োজন হলে, অনুগ্রহ করে AFC-এর হেল্পলাইনে যোগাযোগ করুন প্রতি সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত (866) 427-6033 এই নম্বরে।

উদীয়মান বহুভাষী শিক্ষার্থী (ইমার্জেন্ট মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স)-দের জন্য PRE-K প্রোগ্রাম

ইমার্জেন্ট মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স (EML) অর্থাৎ বাসায় যারা ইংরেজি নয় এমন কোনো ভাষা শিখছে, তাদের জন্য DOE নির্দিষ্ট কিছু প্রোগ্রাম ও সহায়তা প্রদান করে থাকে। এসব সহায়তা EML-দের ভাষাগত দক্ষতার বিকাশ ঘটাতে সাহায্য করে যাতে তারা স্কুলে ভালো পারফর্ম করতে পারে। 3-K ও pre-K শিক্ষার্থীদের জন্য উপলভ্য ভাষাগত সহায়তার অপশনগুলোর তথ্য নিম্নে দেওয়া হলো।

ডুয়াল ল্যাঙ্গুয়েজ (DL)

ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে ইংরেজি ও অন্য আরেকটি ভাষায় শিক্ষা দেওয়া হয়ে থাকে যাতে শিক্ষার্থীরা দুইটি ভাষাই শিখে নিতে পারে। এসব প্রোগ্রামের মাধ্যমে যাদের বাসায় কথা বলার ভাষা ইংরেজি নয়, তাদের ইংরেজি ভাষাগত দক্ষতা ও যাদের বাসায় কথা বলার ভাষা ইংরেজি, তাদের দ্বিতীয় আরেকটি ভাষায় দক্ষতা গড়ে তুলতে সাহায্য করে। MySchools.nyc.gov লিংকে গিয়ে ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের ফিল্টার ব্যবহার করে বিভিন্ন ভাষার DL প্রোগ্রাম খুঁজে নেওয়া যাবে। যেসব পরিবার স্কুলে একসাথে DL ও সাধারণ pre-K ক্লাসের জন্য আবেদন করতে চায়, তাদেরকে আবেদনের সময় প্রতিটি অপশন আলাদা আলাদা করে লিস্ট করে দিতে হবে।

এনহ্যান্সড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট (ELLS)

NYCEEC-গুলোতে শত শত 3-K ও pre-K প্রোগ্রাম এনহ্যান্সড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট (ELLS) প্রদান করে থাকে। ELLS প্রোগ্রামগুলো EML-রা বাসায় যেসব ভাষায় কথা বলে থাকে সেই ভাষায় দক্ষতা বিকাশ ত্বরান্বিত করতে সহায়তা করে থাকে। যেমন, ক্লাসরুমে থাকা সময়সূচী, লেবেল, মিউজিক ও বইগুলো ইংরেজি ও শিক্ষার্থীরা বাসায় যে ভাষায় কথা বলে থাকে সেই ভাষায় হতে পারে। এনহ্যান্সড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট প্রোগ্রামগুলো কিছু নির্দিষ্ট ভাষায় কথা বলা EML-দের জন্য সাপোর্ট দিতে পারে আর তাই, কোনো একটি NYCEEC যেই ভাষায় সেবা দিয়ে থাকে সেই ভাষায় কথা বলা শিক্ষার্থীদেরকে সেখানে ভর্তি হওয়ার সময় অগ্রাধিকার দিয়ে থাকে। MySchools.nyc লিংকে গিয়ে “NYC আর্লি এডুকেশন সেন্টার” ও ল্যাঙ্গুয়েজ সাপোর্ট ফিল্টার ব্যবহার করে যেসব NYCEEC-গুলো ELLS প্রোগ্রাম অফার করে থাকে এবং কোন ভাষায় অফার করে থাকে তা খুঁজে নেওয়া যাবে। যেকোনো ELLS প্রোগ্রামের নির্দিষ্ট বিষয় সম্পর্কে আরও জানার জন্য NYCEEC-এর সাথে সরাসরি যোগাযোগ করতে হবে।

ডুয়াল ল্যাঙ্গুয়েজ বা এনহ্যান্সড ল্যাঙ্গুয়েজ সাপোর্টের জন্য অগ্রাধিকার পাবে এমন শিক্ষার্থী শনাক্ত করা

যদি আপনি DL এবং/বা ELLS প্রোগ্রামে আবেদন করে থাকেন, তাহলে আপনার কাছে জানতে চাওয়া হবে যে আপনার সন্তান বাসায় কোন প্রধান ভাষায় কথা বলে থাকে। অনুগ্রহ করে খেয়াল রাখুন যে এসব প্রোগ্রামে প্লেসমেন্টের অগ্রাধিকার নির্ধারণ করার ক্ষেত্রে আপনার সন্তানের প্রধান ভাষা আমলে নেওয়া হতে পারে।

অতিরিক্ত ভাষাগত সহায়তার অপশন

DLL-দের জন্য স্কুল, Pre-K সেন্টার ও NYCEEC-গুলো অন্য কোনো pre-K ও 3-K অপশন প্রদান করতে পারে। আপনার সন্তানের নির্দিষ্ট ভাষাগত প্রয়োজন পূরণ করতে পারে এমন সার্ভিস ও প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য জানার জন্য অনুগ্রহ করে pre-K ও 3-K প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ করুন।

ডুয়াল ল্যাঙ্গুয়েজ বা এনহ্যান্সড ল্যাঙ্গুয়েজ সাপোর্ট আছে এমন প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য জানার জন্য prekduallanguage@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করুন বা কল করুন 311 এই নম্বরে।

আর্লিয়ার্ন (EARLYLEARN) NYC প্রোগ্রাম

সিটি জুড়ে শত শত সেন্টারে আর্লিয়ার্ন NYC ফ্রি ও কম খরচের আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম অফার করে থাকে। আর্লিয়ার্ন NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE) দ্বারা পরিচালিত। DOE-এর প্রোগ্রামগুলোর মধ্যে রয়েছে চাইল্ড কেয়ার, হেড স্টার্ট, সকলের জন্য 3-K, সকলের জন্য Pre-K বা এই চারটির যেকোনো কম্বিনেশন। আর্লিয়ার্ন প্রোগ্রাম সারা বছর ধরেই চলমান থাকে এবং ফুল-ডে সেশন পরিচালনা করে

ফ্রি বা কম খরচের চাইল্ড কেয়ার

চাইল্ড কেয়ার সিট আছে এমন আর্লিয়ার্ন প্রোগ্রামগুলো ছয় সপ্তাহ বয়স থেকে কিন্ডারগার্টেনে প্রবেশ করা পর্যন্ত শিশুদের সেবা দিতে পারে। শিশুরা চাইল্ড কেয়ারের জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারে যদি তাদের পিতা-মাতা পাবলিক সহায়তা পেয়ে থাকে, তাদের পরিবারের আয় কম হয়ে থাকে বা তাদের পিতা-মাতার চাকরি বা শিক্ষার কারণে চাইল্ড কেয়ারের প্রয়োজন হয়ে থাকে, সিটির অ্যাডমিনিস্ট্রেশন ফর চাইল্ড সার্ভিসেস (ACS) বা অন্য কোনো প্রতিরোধমূলক বা প্রিভেন্টিভ এজেন্সির সাথে কোনো অ্যাক্টিভ কেইস থেকে থাকে, অস্থায়ী আবাসনে বসবাস করে থাকে বা পারিবারিক নির্যাতনের ফলে কোনো সেবা পেয়ে থাকে। চাইল্ড কেয়ারের জন্য যোগ্যতার বিষয়টি জটিল হতে পারে এবং কিছু পিতা-মাতাকে স্লাইডিং স্কেল অনুযায়ী একটি ফি প্রদান করতে হয়। আরও জানার জন্য ভিজিট করুন nyc.gov/EarlyLearn। আপনি যোগ্য কিনা জানার জন্য, আপনি 311 এই নম্বরে কল করতে পারেন, CCApplication@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করতে পারেন, ফ্যামিলি ওয়েলকাম সেন্টার বা কোনো চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারেল এজেন্সির সাথে যোগাযোগ করতে পারেন (পৃষ্ঠা 16 দেখুন)।

হেড স্টার্ট

হেড স্টার্ট সিট আছে এমন আর্লিয়ার্ন প্রোগ্রামগুলো তিন বছর বয়স থেকে কিন্ডারগার্টেনে প্রবেশ করা পর্যন্ত শিশুদের জন্য উপলভ্য। শিশুরা হেড স্টার্টের জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারে যদি তাদের পরিবারের আয় কম হয়ে থাকে বা তারা ফস্টার কেয়ার বা অস্থায়ী আবাসনে বসবাস করে থাকে। হেড স্টার্ট প্রোগ্রামের জন্য যোগ্যতার বিষয় সম্পর্কে আরও জানতে পৃষ্ঠা 15 দেখুন।

সকলের জন্য 3-K ও Pre-K

তিন ও চার বছর বয়সী শিশুদের জন্য আর্লিয়ার্ন প্রোগ্রামগুলো সকলের জন্য 3-K ও Pre-K প্রোগ্রাম হিসেবেও বিবেচিত হয়ে থাকে। তাই, 2019 ও 2018 সালে যেসব পরিবারে শিশু জন্মগ্রহণ করেছে তারা এসব প্রোগ্রামের ব্যাপারে আগ্রহী হলে 2022-2023 স্কুল বর্ষে সিটের জন্য তাদেরকে DOE-এর সকলের জন্য 3-K ও Pre-K-এর সেন্ট্রাল আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করতে হবে (বিস্তারিত জানতে উপরের পৃষ্ঠা 2-9 দেখুন)। অনলাইন ডিরেক্টরি ও আবেদনে আর্লিয়ার্ন প্রোগ্রামগুলোকে “এক্সটেন্ডেড ডে/ইয়ার” ও “হেড স্টার্ট” হিসেবে উল্লেখ করা থাকবে। DOE-এর অনলাইন আবেদন এসব প্রোগ্রামে আবেদন করার সময় আর্লিয়ার্ন NYC-এর যোগ্যতা উল্লেখ করা থাকবে এবং পরিবারের কাছে জানতে চাওয়া হবে যে তারা যোগ্য কিনা। যদি পরিবার “নো” ক্লিক করে থাকে, তাহলে আর্লিয়ার্ন প্রোগ্রামে আবেদন করা যাবে না। যদি পরিবার “ইয়েস” ক্লিক করে থাকে, তাহলে নিবন্ধন করার সময় আর্লিয়ার্ন সাইটটি পরিবারটিকে যোগ্যতার শর্ত পূরণের বিষয়টি ভেরিফাই (যাচাই) করতে বলবে। অনুগ্রহ করে খেয়াল রাখুন যে কিছু পরিবারকে আর্লিয়ার্ন চাইল্ড কেয়ার ফি প্রদান করতে হতে পারে।

আর্লিয়ার্ন প্রোগ্রাম খুঁজে পাওয়া

আর্লিয়ার্ন প্রোগ্রাম খুঁজে পাওয়ার জন্য 311 এই নম্বরে কল করুন, DOE ওয়েবসাইট ভিজিট করুন nyc.gov/EarlyLearn এই লিংকে বা ভিজিট করুন MySchools.nyc। 2018 সালে জন্মগ্রহণ করা শিশুদের জন্য সেপ্টেম্বর 2022 প্লেসমেন্ট পেতে চাইলে DOE-এর সকলের জন্য Pre-K আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করতে হবে মার্চ 18, 2022 তারিখের মধ্যে। 2019 সালে জন্মগ্রহণ করা শিশুদের জন্য সেপ্টেম্বর 2022 প্লেসমেন্ট পেতে চাইলে DOE-এর সকলের জন্য 3-K আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করতে হবে এপ্রিল 14, 2022 তারিখের মধ্যে। এই সময়সীমা পার হয়ে গেলে আপনাকে সেন্টারগুলোর সাথে সরাসরি যোগাযোগ করে জেনে নিতে হবে যে সেখানে কোনো সিট আছে কিনা। 2019 সালের পরে জন্মগ্রহণ করা শিশুদের জন্য আপনি যেকোনো সময়ে প্রোগ্রামগুলোতে সরাসরি আবেদন করতে পারেন। ইনফ্যান্ট ও টডলার প্রোগ্রামের জন্য যোগ্যতা জানতে ও আবেদন করতে আপনি CCApplication@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করতে পারেন।

2021-2022 বর্ষের জন্য সিট খুঁজে পাওয়ার জন্য আপনাকে আর্লিয়ার্ন প্রোগ্রামের সাথে সরাসরি যোগাযোগ করতে হবে। কোনো প্রোগ্রাম খুঁজে পেতে সহায়তার প্রয়োজন হলে আপনি কোনো ফ্যামিলি ওয়েলকার সেন্টারের সাথেও যোগাযোগ করতে পারেন (পৃষ্ঠা 16 দেখুন) বা কোনো চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারেল এজেন্সিকে কল করতে পারেন (পৃষ্ঠা 16 দেখুন)।

অক্ষমতা সম্পন্ন শিশু

সকল আর্লিয়ার্ন ও হেড স্টার্ট প্রোগ্রাম দেহিতে বিকাশ হওয়া বা অক্ষমতা সম্পন্ন শিশুদের সেবা দিয়ে থাকে। যেসব শিশুদের ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান (IFSP) বা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে, তারা আর্লিয়ার্ন ও হেড স্টার্ট প্রোগ্রামে বিভিন্ন ধরনের সেবা পেতে পারে। যেসব প্রিন্সিপাল শিক্ষার্থীদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে যেখানে স্পেশাল এডুকেশন আইটিনেরান্ট টিচার (SEIT) সার্ভিস এবং/বা রিলেটেড সার্ভিসের সুপারিশ রয়েছে, তারা আর্লিয়ার্ন বা হেড স্টার্ট প্রোগ্রামের মাধ্যমে এসব সেবা পেতে পারে।

যেসব শিক্ষার্থীদের IEP-তে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের সুপারিশ করা হয়েছে, তাদের জন্য উপযুক্ত প্লেসমেন্ট খুঁজে পাওয়ার দায়িত্ব পালন করে থাকে কমিটি অন প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন (CPSE)। তবে, যেসব প্রিন্সিপাল শিক্ষার্থীদের IEP-তে ফুল-ডে (5 ঘন্টা) বা হাফ-ডে স্পেশাল ক্লাস বা ইন্টিগ্রেটেড সেটিংয়ে স্পেশাল ক্লাসের জন্য সুপারিশ করা হয়েছে, তারা দিনের বাকি সময়ে আর্লিয়ার্ন বা হেড স্টার্ট প্রোগ্রামে অংশ নিতে পারবে।

ইমিগ্রান্ট পরিবারের শিশু

আর্লিয়ার্ন চাইল্ড কেয়ার প্রোগ্রামে আবেদন করার জন্য পিতা-মাতাদেরকে যে চাইল্ড কেয়ার সার্ভিসের আবেদনটি জমা দেওয়া আবশ্যিক, সেখানে শিশুর ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে একটি প্রশ্নের উত্তর দিতে হয়। প্রোগ্রামে যে শিশুটি অংশগ্রহণ করবে সে যে একজন মার্কিন নাগরিক বা তার যথাযথ ইমিগ্রেশন স্ট্যাটাস আছে তা নিশ্চিত করতে ও এর স্বপক্ষে প্রমাণ প্রদান করতে বলা হবে। ইমিগ্রান্ট পরিবারদের জন্য নোট সহ আবেদনটির কপি অনলাইনে পাওয়া যাবে

<https://www1.nyc.gov/site/acs/early-care/forms.page> এই লিংকে। আবেদনটিতে পিতা-মাতা বা বাড়ির অন্য সদস্যদের ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাওয়া হয় না।

আর্লিয়ার্ন প্রোগ্রামের লোকেশনে অবস্থিত কোনো হেড স্টার্ট/চাইল্ড কেয়ার সিট বা সকলের জন্য Pre-K ক্লাসে শিশুকে ভর্তি করানোর জন্য পরিবারদেরকে ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হয় না বা স্ট্যাটাসের স্বপক্ষে প্রমাণ প্রদান করতে হয় না। এর মানে হলো, 2021-2022 স্কুল বর্ষে আর্লিয়ার্ন প্রোগ্রামে ভর্তির জন্য 2017 সালে জন্মগ্রহণ করা শিশুদের পরিবার এবং 2022-2023 স্কুল বর্ষে আর্লিয়ার্ন প্রোগ্রামে ভর্তির জন্য 2018 সালে জন্মগ্রহণ করা শিশুদের পরিবারকে ইমিগ্রেশন স্ট্যাটাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হবে না এবং এই প্রশ্নটির ঘর খালি রেখে দিতে হবে।

ডিস্ট্রিক্ট স্কুল ও DOE Pre-K সেন্টারের পাশাপাশি আল্টার্নেটিভ কমিউনিটি-ভিত্তিক সংস্থার লোকেশনে যেসব প্রোগ্রাম অবস্থিত, সেসব প্রোগ্রামও আপনার সন্তানের ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইবে না। আরও তথ্য জানার জন্য DOE ওয়েবসাইটের “এনরোলমেন্ট ফর Pre-K এক্সটেন্ডেড ডে এন্ড ইয়ার সিটস এন্ড হেড স্টার্ট সিটস” সেকশনটি দেখুন nyc.gov/PreK এই লিংকে।

হেড স্টার্ট (HEAD START) প্রোগ্রাম

হেড স্টার্ট একটি সারা বছর-ব্যাপী চলমান প্রোগ্রাম যা শিশুদের তিন বছর বয়স থেকে কিন্ডারগার্টেনে প্রবেশ করার পর্যন্ত তাদের শিক্ষাগত, মানসিক, সামাজিক ও আবেগীয় বিকাশে সহায়তা করে থাকে। শিক্ষা সংক্রান্ত সেবার পাশাপাশি এসব প্রোগ্রাম শিশুদের ও তাদের পরিবারকে স্বাস্থ্য, পুষ্টি, সামাজিক ও অন্যান্য সেবাও প্রদান করে থাকে।

ফেডারেল পোভার্টি (দারিদ্র্য) গাইডলাইনের নিচে আয় করা পরিবারের শিশুরা এসব প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। এই চার্টে দেওয়া পোভার্টি গাইডলাইন অনুযায়ী আপনার পরিবারের আয় সংক্রান্ত যোগ্যতা আছে কিনা তা দেখে নিন। ফেডারেল পোভার্টি গাইডলাইনের উপরে আয় করা পরিবারের কিছু শিশুদের জন্য হেড স্টার্ট প্রোগ্রামে আসন থাকতে পারে। এই সম্পর্কে জানার জন্য হেড স্টার্ট প্রোগ্রামের সাথে যোগাযোগ করে নিন।

ফস্টার কেয়ার বা অস্থায়ী আবাসনে থাকা শিশুরা এবং যেসব শিশুদের পরিবার পাবলিক সহায়তা পেয়ে থাকে (যেমন, টেম্পোরারি অ্যাসিস্টেন্স ফর নিডি ফ্যামিলিস বা সাল্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম), তারা হেড স্টার্ট প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত হবে, তাদের পরিবারের আয় যাই হোক না কেনো। অস্থায়ী আবাসনে থাকা শিশুরা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে।

পরিবারের সদস্য সংখ্যা	আয়ের সর্বোচ্চ লেভেল (প্রতি বছর)
1	\$13,590
2	\$18,310
3	\$23,030
4	\$27,750
5	\$32,470
6	\$37,190
7	\$41,910
8	\$46,630

ওপেন (উন্মুক্ত) হেড স্টার্ট সিট খুঁজে পাওয়া

যদি আপনি হেড স্টার্ট প্রোগ্রামে আবেদন করতে চান, তাহলে আপনাকে সরাসরি প্রোগ্রামে যোগাযোগ করে আবেদন করার ও আপনার সন্তানের ভর্তির সময় ঠিক করে নিতে হবে। আপনার কাছাকাছি থাকা হেড স্টার্ট প্রোগ্রাম খুঁজে পাওয়ার জন্য <http://bit.ly/FindHeadStart> এই লিংকে গিয়ে আপনার ঠিকানা প্রদান করুন। অনেক হেড স্টার্ট প্রোগ্রাম আবার DOE 3-K ও pre-K প্রোগ্রাম হয়ে থাকে এবং 2018 সালে জন্মগ্রহণ করা শিশুদের পিতা-মাতাদেরকে সেপ্টেম্বর 2022 প্লেসমেন্টের জন্য আবেদন করতে হবে DOE’এর সকলের জন্য Pre-K আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আগামী মার্চ 18 তারিখের মধ্যে (পৃষ্ঠা 2-6 দেখুন) অথবা DOE’এর 3-K আবেদন প্রক্রিয়ার মাধ্যমে আগামী এপ্রিল 14 তারিখের মধ্যে। আবেদন সময়সীমা পার হয়ে গেলে, 2018 ও 2019 সালে জন্মগ্রহণ করার শিশুদের পিতা-মাতাদের সরাসরি হেড স্টার্ট প্রোগ্রামে যোগাযোগ করতে হবে। 2021-2022 বর্ষের জন্য সিট খুঁজে পাওয়ার জন্য আপনাকে সরাসরি হেড স্টার্ট প্রোগ্রামে যোগাযোগ করতে হবে। আপনি কোনো চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারেল এজেন্সির সাথেও যোগাযোগ করতে পারেন। পৃষ্ঠা 16 দেখুন।

যোগাযোগের তথ্য

চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারেল এজেন্সিসমূহ

আপনার সন্তানের জন্য আল্টার্নেটিভ হেড প্রোগ্রাম খুঁজে পাওয়ার জন্য আপনি নিউ ইয়র্ক সিটি চাইল্ড কেয়ার রিসোর্স এন্ড রেফারেল কনসোর্টিয়াম-এর সাথে টোল ফ্রি (888) 469-5999 এই নম্বরে কল করে যোগাযোগ করতে পারেন। এসব সেন্টার আপনাকে আল্টার্নেটিভ NYC, হেড স্টার্ট, চাইল্ড কেয়ার, 3-K ও সকলের জন্য Pre-K প্রোগ্রাম খুঁজে পেতে সহায়তা করবে। আপনার কী ধরনের প্রোগ্রাম প্রয়োজন এবং আপনার সন্তানের বয়স সম্পর্কে চাইল্ড কেয়ার স্পেশালিস্টরা জানতে চাইবে। এরপর, তারা আপনাকে বিভিন্ন প্রোগ্রামের একটি তালিকা প্রদান করবে। আপনাকে সেসব প্রোগ্রামে যোগাযোগ করে দেখতে হবে তাদের ওপেন সিট আছে কিনা। আরও তথ্যের জন্য ভিজিট করুন www.nycchildcareconsortium.org।

আপনি কোনো চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারেল এজেন্সির সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন:

চাইল্ড ডেভেলপমেন্ট সাপোর্ট কর্পোরেশন

টেলিফোন: (718) 398-6738

ওয়েবসাইট: <https://cdscnyc.org/>

চাইনিজ-অ্যামেরিকান প্ল্যানিং কাউন্সিল

টেলিফোন: (212) 941-1828 (ইংরেজিতে) বা (212) 792-4597 (চীনা ভাষায়)

ইমেইল: info@childcarecpc.org

ওয়েবসাইট: <https://childcarecpc.org/>

দা কমিটি ফর হিস্প্যানিক চিল্ড্রেন এন্ড ফ্যামিলিস, ইংক.

টেলিফোন: (212) 206-1090

ইমেইল: info@chcfinc.org

ওয়েবসাইট: <https://www.chcfinc.org/child-care-services>

ডে কেয়ার কাউন্সিল অফ নিউ ইয়র্ক, ইংক.

টেলিফোন: (212) 206-7818

ইমেইল: info@ddcnyinc.org

ওয়েবসাইট: <https://www.ddcnyinc.org/about-us/contact/>

DOE ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ

বরো	আওতাভুক্ত ডিস্ট্রিক্ট	ইমেইল ঠিকানা	লোকেশন
ব্রনক্স	7, 9, 10	FordhamFWC@schools.nyc.gov	ওয়ান ফোর্ডহ্যাম প্লাজা, 7 th তলা
ব্রনক্স	8, 11, 12	ZeregaFWC@schools.nyc.gov	1230 জেরেগা অ্যাভিনিউ, রুম 24
ব্রুকলিন	16,17, 18, 22	OceanFWC@schools.nyc.gov	1780 ওশেন অ্যাভিনিউ, 3 rd তলা
ব্রুকলিন	13, 15, 20, 21	89thFWC@schools.nyc.gov	415 89 th স্ট্রিট, 5 th তলা
ব্রুকলিন	14,19, 23, 32	StMarksFWC@schools.nyc.gov	1665 সেইন্ট মার্ক্স অ্যাভিনিউ, রুম 116
ম্যানহ্যাটন	1, 2, 4	333FWC@schools.nyc.gov	333 7 th অ্যাভিনিউ, 12 th তলা
ম্যানহ্যাটন	3, 5, 6	125FWC@schools.nyc.gov	388 ওয়েস্ট 125 th স্ট্রিট, 7 th তলা
কুইন্স	24, 30	QueensPlazaNFWC@schools.nyc.gov	28-11 কুইন্স প্লাজা নর্থ, 3 rd তলা
কুইন্স	25, 26	LindenFWC@schools.nyc.gov	30-48 লিন্ডেন প্লাজা., 2 nd তলা
কুইন্স	27, 28, 29	SutphinFWC@schools.nyc.gov	90-27 সুটফিন বোলেভার্ড, 1 st তলা
স্ট্যাটেন আইল্যান্ড	31	PetridesFWC@schools.nyc.gov	715 ওশেন টেরেস, বিল্ডিং A

অফিসের সময়সূচীর তথ্য ও পরিদর্শন সংক্রান্ত নির্দেশনা সম্পর্কে জানতে ভিজিট করুন schools.nyc.gov/FWC।

স্পেশাল এডুকেশন সংক্রান্ত DOE কমিটিসমূহ
(প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন সংক্রান্ত কমিটি সহ)

রিজিওন	চেয়ারপারসন	ডিস্ট্রিক্টসমূহ	ইমেইল ঠিকানা
1	সিভেন বার্কল্যান্ড	7, 9, 10	SBirkeland@schools.nyc.gov
2	ট্রিশিয়া ডিভিটো	8, 11, 12	TDeVito@schools.nyc.gov
3	জেনিফার লোজানো	25, 26, 28, 29	JLozano@schools.nyc.gov
4	ক্রিস চিনিকোলা	24, 27, 30	Cinicola@schools.nyc.gov
5	মারিসল রোজারিও	19, 23, 32	MRosario27@schools.nyc.gov
6	হেলেন পোটাশ	17, 18, 22	HPotash@schools.nyc.gov
7	ডিনা বেনান্তি	20, 21, 31	DBenanti@schools.nyc.gov
8	ক্যারোলিন ড্যানার	13, 14, 15, 16	CDanner@schools.nyc.gov
9	মারিয়ামা স্যান্ডি	1, 2, 4	Msandi@schools.nyc.gov
10	ফাবিয়ানা চেমেরিনস্কি	3, 5, 6	FCzemerinski@schools.nyc.gov

যোগাযোগের আরও তথ্য জানতে ভিজিট করুন <https://www.schools.nyc.gov/learning/special-education/help/committees-on-special-education/>

অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থী সংক্রান্ত রিজিওনাল ম্যানেজারসমূহ

অফিস অফ ইয়ুথ ডেভেলপমেন্ট বরো সেন্টার লোকেশন ও ডিস্ট্রিক্ট	এসটিএইচ রিজিওনাল ম্যানেজার	ফোন নম্বর ও ইমেইল ঠিকানা
ব্রনক্স 1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458	7 ম্যাডিলিন ওয়ার্ডেন	MWarden2@schools.nyc.gov
ব্রনক্স 1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458 1230 জেরেগা অ্যাভিনিউ, রুম 6 ব্রনক্স, NY 10462	8 লুসিয়া ফিগুয়েরাস রেবেকা অ্যাসকিউ- মরিস	LFigueras@schools.nyc.gov 718-828-2644 RAskeW2@schools.nyc.gov
ব্রনক্স 1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458	9 শাকিটা বয়েড ম্যাডিলিন ওয়ার্ডেন	(718) 741-7049 SBoyd5@schools.nyc.gov MWarden2@schools.nyc.gov

ব্রনক্স	1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458	10	সেটফানি ডায়ার বাক হ্যারিস	(718) 741-7783 SDyer@schools.nyc.gov 646-416-0364 BHarris6@schools.nyc.gov
ব্রনক্স	1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458	11	লুসিয়া ফিগুয়েরাস	LFigueras@schools.nyc.gov
ব্রনক্স	1 ফোর্ডহ্যাম প্লাজা, রুম 816 ব্রনক্স, NY 10458	12	বাক হ্যারিস	646-416-0364 BHarris6@schools.nyc.gov
ব্রুকলিন	131 লিভিংস্টন স্ট্রিট, 4th তলা ব্রুকলিন, NY 11201	16, 23, 32	সিডোন থম্পসন	(718) 935-4054 SThompson14@schools.nyc.gov
ব্রুকলিন	131 লিভিংস্টন স্ট্রিট, 4th তলা ব্রুকলিন, NY 11201	13, 14, 15, 19,	ওয়েইন হ্যারিস	(718) 935-3562 WHarris22@schools.nyc.gov
ব্রুকলিন	1780 ওশেন অ্যাভিনিউ, রুম 1B ব্রুকলিন, NY 11230	17, 18, 20	শার্লিন মিশেল	(718) 758-7722 CMitchell4@schools.nyc.gov
ব্রুকলিন	1780 ওশেন অ্যাভিনিউ, রুম 1B ব্রুকলিন, NY 11230	21, 22	ফাহমিদা সালিম	(718) 758-7635 FSaleem@schools.nyc.gov
স্ট্যাটেন আইল্যান্ড	1780 ওশেন অ্যাভিনিউ, রুম 1B	31	ফাহমিদা সালিম	(718) 758-7635 FSaleem@schools.nyc.gov
ম্যানহ্যাটন	333 7th অ্যাভিনিউ, 7th তলা নিউ ইয়র্ক, NY 10001	1, 4	সিসিলিও (বো) ডিয়াজ	(917) 339-1698 Cdiaz@schools.nyc.gov
ম্যানহ্যাটন	333 7th অ্যাভিনিউ, 7th তলা নিউ ইয়র্ক, NY 10001	2, 3	আইরিস গার্স্টেন	(917) 339-1718 IGersten@schools.nyc.gov
ম্যানহ্যাটন	333 7th অ্যাভিনিউ, 7th তলা নিউ ইয়র্ক, NY 10001	5, 6	রাকেয়া ইভান্স	(212) 330-9449 RHameedevans@schools.nyc.gov
কুইন্স	333 7th অ্যাভিনিউ, 7th তলা নিউ ইয়র্ক, NY 10001	24, 30	সিসিলিও (বো) ডিয়াজ	(917) 339-1698 Cdiaz@schools.nyc.gov
কুইন্স	28-11 কুইন্স প্লাজা নর্থ, 2nd তলা লং আইল্যান্ড সিটি, NY 11101	25, 26, 28, 29	লিভা উইলসন	(718) 391-6849 Lwilson33@schools.nyc.gov
কুইন্স	1780 ওশেন অ্যাভিনিউ, রুম 1B ব্রুকলিন, NY 11230	27	ফাহমিদা সালিম	(718) 758-7635 FSaleem@schools.nyc.gov

আরও জানতে ভিজিট করুন schools.nyc.gov/STH বা সঠিক রিজিওনাল ম্যানেজারের সাথে যোগাযোগে সহায়তার জন্য ইমেইল করুন এই ঠিকানায় STHInfo@schools.nyc.gov।

স্পেশাল এডুকেশন সংক্রান্ত DOE কমিটিসমূহ
(প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন সংক্রান্ত কমিটি সহ)

রিজিওন	চেয়ারপারসন	ডিস্ট্রিক্টসমূহ	ইমেইল ঠিকানা
1	সিভেন বার্কল্যান্ড	7, 9, 10	SBirkeland@schools.nyc.gov
2	ট্রিশিয়া ডিভিটো	8, 11, 12	TDeVito@schools.nyc.gov
3	জেনিফার লোজানো	25, 26, 28, 29	JLozano@schools.nyc.gov
4	ক্রিস চিনিকোলা	24, 27, 30	Cinicola@schools.nyc.gov
5	মারিসল রোজারিও	19, 23, 32	MRosario27@schools.nyc.gov
6	হেলেন পোটাশ	17, 18, 22	HPotash@schools.nyc.gov
7	ডিনা বেনান্তি	20, 21, 31	DBenanti@schools.nyc.gov
8	ক্যারোলিন ড্যানার	13, 14, 15, 16	CDanner@schools.nyc.gov
9	মারিয়ামা স্যান্ডি	1, 2, 4	Msandi@schools.nyc.gov
10	ফাবিয়ানা চেমেরিনস্কি	3, 5, 6	FCzemerinski@schools.nyc.gov

যোগাযোগের আরও তথ্য জানতে ভিজিট করুন <https://www.schools.nyc.gov/learning/special-education/help/committees-on-special-education/>

অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক.

151 ওয়েস্ট 30th স্ট্রিট, 5th তলা, নিউ ইয়র্ক, NY 10001

জিল শেইফেটস এডুকেশন হেল্পলাইন:

1-866-427-6033 (টোল ফ্রি), সোমবার—বৃহস্পতিবার, সকাল 10টা—বিকাল 4টা

www.advocatesforchildren.org

এই নির্দেশিকা কোনো আইনী পরামর্শ নয়। এই নির্দেশিকায় AFC-এর মতামত ব্যক্ত করা ছাড়াই বিদ্যমান পলিসি বা আইনের সারমর্ম তুলে ধরা হয়েছে। যদি আপনি কোনো আইনী সমস্যার সম্মুখীন হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিল্ড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক. দ্বারা সর্বস্বত্ব সংরক্ষিত © ফেব্রুয়ারি 2022